

করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে।
সবাই সুস্থ ও নিরাপদ থাকুন।
সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।


# প্রথম আলো

Prothom Alo North America

2 June 2022, Thursday, 6th Year, Issue 272, 40 Pages




'কাগজবিহীন' এক হিরের গল্প পৃষ্ঠা ২৮

২ জুন ২০২২, ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯, ২ জিলকদ ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৬, সংখ্যা ২৭২, পৃষ্ঠা: ৪০

## তবুও তারা বলছেন, অস্ত্র রাখা মৌলিক অধিকার!

**বন্দুক সহিংসতা**

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের জন্য বহু আইন করা হয়েছে। কোনো আইনই নারকীয় ঘটনা প্রতিরোধ করতে পারেনি।

**রওশন হক**

আমেরিকায় একদিকে শিশু ও নিরীহ লোকজনের লাশ পড়ছে একের পড় এক। রক্তের এই হলি খেলায় দাঁড়িয়ে আমেরিকার অস্ত্রব্যবসায়ীদের মুখে ভিন্ন কথা।

ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশনের নেতারা শক্ত আগ্নেয়াস্ত্র আইনের বিরুদ্ধে তাদের অবস্থান জানিয়েছে। মার্কিন সমাজ জীবনে প্রভাবশালী এনআরএ (ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন) বলেছে, অস্ত্র রাখার অধিকার মানুষের মৌলিক অধিকারের পর্যায়ে পড়ে। অস্ত্র রাখার স্বাধীনতা হরণের যেকোনো প্রচেষ্টার বিরোধিতা তারা করবে।

টেক্সাসের নারকীয় ঘটনার পরপরই ২৭ মে শুক্রবার টেক্সাসের হিউস্টন শহরে সম্মেলন হয় রাইফেল অ্যাসোসিয়েশনের।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## আমেরিকায় আবারও গোলাগুলি, এবার নিহত ৫

**বিশেষ প্রতিনিধি**

নিউইয়র্ক, টেক্সাসের পর এবার আমেরিকার ওকলাহামা রাজ্যে গোলাগুলির ঘটনায় লাশ পড়েছে। এলোপাতাড়ি এই গোলাগুলির ঘটনায় টুলসা নগরের একটি হাসপাতাল রক্তে রঞ্জিত হয়েছে। আর এতে পাঁচ জন মারা গেছে।

১ জুন বুধবার বিকেল পৌনে ৬টার দিকে ন্যাটালি মেডিকেল বিল্ডিংয়ে এক বন্দুকধারী রাইফেল ও হ্যান্ডগান দিয়ে এলোপাতাড়ি গুলি ছুঁড়তে শুরু করে।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**



**কসরত** নিউইয়র্কে এখন গ্রীষ্মের আবহাওয়া। তাপমাত্রা প্রায়ই ১০০ ডিগ্রি ফারেনহাইটের কাছাকাছি থাকছে। ৩১ মে বিকেলে নিউইয়র্কের টাইম স্কয়ারে শারীরিক কসরত দেখাচ্ছেন এক যুবক। ছবি: সৈয়দ মাসুদুল কবির।

## মানসিক স্বাস্থ্যকেন্দ্রের চেয়ে আগ্নেয়াস্ত্রের ডিলার বেশি

**ইব্রাহীম চৌধুরী**

নিয়ন্ত্রণহীন আগ্নেয়াস্ত্র আইন না মানসিক বিকারগ্রস্ততা কি দায়ী আমেরিকার বর্তমান অবস্থার জন্য?—এ নিয়ে বিতর্কের শেষ নেই। নিজেদের আগুনে পুড়ে দাহ হওয়া আমেরিকার সমাজ ও রাজনীতিতে এ বিতর্ক চলমান। কত মানুষ মরলে পড়ে এ বিতর্কের সমাধান হবে, তা কারও জানা নেই। তবে একটি হিসেব একদম পরিষ্কার— আমেরিকার বিভিন্ন এলাকায় মানসিক স্বাস্থ্যকেন্দ্রের চেয়ে বন্দুক বিক্রির ডিলারের সংখ্যা বেশি।

সরকারি তথ্যমতে, আমেরিকার এক-পঞ্চমাংশ এলাকায় বন্দুকের ডিলার মানসিক স্বাস্থ্যকেন্দ্রের দ্বিগুণ।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**

## সেমি অটোমেটিক অস্ত্র নিষিদ্ধ চান কমলা

**উত্তর আমেরিকা অফিস**



কমলা হ্যারিস

একের পর এক ভয়াবহ বন্দুক সহিংসতায় মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস অ্যাসল্ট ওয়েপনস বা আধা স্বয়ংক্রিয় অস্ত্র

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## একদফা আন্দোলনের দিকে যাচ্ছে বিরোধীদলগুলো

**জাতীয় নির্বাচন**

**বিশেষ প্রতিনিধি**

নির্বাচনের কোনো ঘোষণা না আসলেও বাংলাদেশের রাজনীতিতে এখন নির্বাচন নিয়েই আলোচনা প্রাধান্য পাচ্ছে। নেতাদের বক্তৃতা -বিবৃতিতেও নির্বাচনের পূর্বাভাস। যদিও আসছে নির্বাচনে ভোটাধিকার সঠিক প্রয়োগ করা যাবে কি না, এ নিয়ে বুকে হাত দিয়ে কেউ কিছু বলতে পারছে না। সংশয় আর উৎকণ্ঠার মধ্যদিয়েই রাজনীতির আলোচনায় এখন নির্বাচন।

নির্বাচনকে সামনে রেখে নিরপেক্ষ সরকারের 'এক দফা' দাবিতে আন্দোলনের

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## ব্যাংক খাতে ডলারের দাম ধরে রাখার চেষ্টা

**বিশেষ প্রতিনিধি**

মেমোরিয়াল দিবসের কারণে ২৯ মে সোমবার আমেরিকায় ব্যাংক লেনদেন বন্ধ ছিল। আগের দিন রোববার ছিল সাপ্তাহিক ছুটির দিন। ফলে এ দুদিনে কোনো প্রবাসী আয় যায়নি বাংলাদেশে। সব

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**




অসুস্থদের পাশে সারারাত কেউ থাকলে রাত কেটে যাবে শান্তিতে।

আপনার প্রিয়জন যদি ডিমেনশিয়ায় ভোগেন তাহলে তিনি ২৪ ঘন্টার জন্য হোম কেয়ার সার্ভিস পাবেন।

আমাদের সার্ভিস সমূহ:

ফারসোনাল কেয়ার এইডস
হোম হেলথ এইডস
দক্ষ নার্সিং কেয়ার
থেরাপিস্ট

আমরা বাংলায় কথা বলি

HumanCare
HOME HEALTH CARE SERVICES
Companionship. Comfort. Peace of Mind.

Tel: 718-435-1100ex 272
www.HumanCareNY.com

CHISHTI CPA PC

চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.

আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ–এম্পলয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

AUTHORIZED e-file PROVIDER
NOTARY PUBLIC
Direct Deposit

একাউন্টিং ও বুককিপিং
- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings



Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমুলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি






আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

# জমজমাট জ্যামাইকা-বাংলাদেশ পথমেলা

**উত্তর আমেরিকা অফিস**

জমজমাট আয়োজনের মধ্যদিয়ে অনুষ্ঠিত হলো জ্যামাইকা-বাংলাদেশ পথমেলা।

২৯ মে রোববার বাংলাদেশি অধ্যুষিত জ্যামাইকার ১৬৫-৬৫ ৮৪ অ্যাভিনিউ এলাকার টমাস এডিশন হাইস্কুলের সামনে বেলা ১২টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত এই মেলা অনুষ্ঠিত হয়। বাংলাদেশের পথকলি শিশুদের সাহায্যার্থে, কমিউনিটির প্রয়াত তিন বিশিষ্টজনকে সম্মান জানানো, গুরুত্বপূর্ণ ব্যক্তিদের উপস্থিতি এবং শিল্পীদের অনবদ্য উপস্থাপনায় মৌসুমের প্রথম পথমেলায় মানুষের ঢল নেমেছিল। চমৎকার আবহাওয়ায় জ্যামাইকার এ পথমেলায় দূরান্তের লোকজন অংশ নেন। মহামারিপরবর্তী এমন বিশাল আয়োজনের পর অন্যতম উদ্যোক্তা প্রবীণ প্রবাসী নাসির খান পল বলেন, একটি সফল মেলা সম্পন্ন হয়েছে। তিনি মেলায় যোগ দেয়া সবাইকে ধন্যবাদ জানান।

মেলায় সঙ্গীত পরিবেশন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী একুশে পদকপ্রাপ্ত রথীন্দ্রনাথ রায়, শহীদ হাসান এবং শিল্পী কনক চাঁপা। মেলায় ছিল হরেক রকম স্টল। আগত অতিথিরা স্টলগুলো থেকে তাদের প্রয়োজনীয় জিনিস সংগ্রহ করেন। কমিউনিটিতে স্ব স্ব ক্ষেত্রে অবদান রাখার জন্য মরণোত্তর সম্মাননা পেয়েছেন বাংলাদেশ সোসাইটি সভাপতি কামাল আহমেদ, খানস টিউটোরিয়ালের প্রতিষ্ঠাতা, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ড. মনসুর খান ও বিশিষ্ট ব্যবসায়ী, মান্নান বেকারি-গ্রোসারি ও সুপার মার্কেটের প্রতিষ্ঠাতা সাঈদ রহমান মান্নান।



**জ্যামাইকা-বাংলাদেশ পথমেলা।** ছবি: নুরুল হক

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি


**মোহাম্মদ এ. ওয়াহিদ,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**আমাদের সেবাসমূহ**
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।

আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

**আপনি জানেন কি?**
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।


**রুবিনা আক্তার,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**WAHID MEDICAL PLLC**
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

**Masoom Medical Clinic**
OUR MEDICAL SERVICE



We accept most insurances

**Dr. M. A. Iqbal, M.D.**
M.B.B.S Dhaka Medical College, Bangladesh
Board Certified Physical Medicine & Rehab
Certified Geriatric Care Professional
Board Certified Interventional Pain (American Academy of Procedural Medicine)
Fellowship in Spinal Cord Injury Medicine
(Mount Sinai School of Medicine, Manhattan NY)
Certified Acupuncturist
Certified NADA (EAR acupuncture)

168-32/36 Highland Ave,
Jamaica, NY 11432
Call us
929-307-8868



**Gehi & Associates**
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্রাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

আমরা বাংলায় কথা বলি


Ms. Farzana Choudhury

CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

বিসমিল্লাহির রহমানির রহিম

# জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক

## নির্বাচন ২০২২, রবিবার ৫ জুন



"দুটি পাতা আর একটি কুঁড়ির দেশে
নতুন করে সাজিয়ে দেবো সবাই মিলেমিশে"

## জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌কের নির্বাচন সভাপতি প্রার্থী মাসুদুল হক ছানু নির্বাচনী প্রতিশ্রুতি:

১. ইতোমধ্যেই যারা নির্বাচিত হয়েছেন তাদেরকে শুভেচ্ছা জানাই। এবং যারাই নির্বাচিত হবেন তাদের প্রতিও অগ্রিম শুভেচ্ছা জানিয়ে বলেন, আপনারা আমাকে নির্বাচিত করলে কার্যকরি পরিষদের সবাইকে সাথে নিয়ে সংগঠনের স্বার্থে কাজ করবো।

২. আয় ব্যয়ের স্বচ্ছতা রক্ষার জন্য নির্বাচিত হলে সর্বপ্রথম বর্তমান কমিটির কাছ থেকে প্রাপ্ত আয় ব্যয়ের হিসাব সাধারণ সভা করে উপস্থাপন করবো।

৩. ভবিষ্যত ঝামেলা এড়াতে ভবন কেনার পূর্বেই সংগঠনের বাৎসরিক ট্যাক্স ফাইল আপডেট করবো ইনশাআল্লাহ্। যা ২০১২-২০১৩ সালের পর করা হয়নি।

৪. জালালাবাদ ভবন ক্রয় সময়ের দাবি। সংগঠনের এ্যাকাউন্টে যে টাকা রয়েছে এই টাকা ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কেনা যে কারো পক্ষেই সম্ভব। আমি নির্বাচিত হলে সকলের মতামতের ভিত্তিতে একটি ভবন ক্রয় করবো। এমন কিছু করবো না যা পরবর্তীতে সংগঠনের জন্য বোঝা হয়ে যায়।

৫. নির্বাচিত হলে সংগঠনের পুরনো নথিপত্র এবং দলিলসহ পুরনো সব ইতিহাস এবং দলিলসহ পুরনো সব ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করবো। যা সংগঠনের নিজস্ব ভবনের সংরক্ষিত থাবে।

৬. নির্বাচিত হলে নতুন আরও কবরস্থান কেনার চেষ্টা করবো। অবশ্যই কবরস্থানের জন্য আলাদা ব্যাংক এ্যাকাউন্টের ব্যবস্থা করবো।

৭. সংগঠনকে নন প্রফিট করার যে প্রক্রিয়া ২০১৩ সালে শুরু হয়েছিল তা সমাপ্ত করার চেষ্টা করবো।




**মাসুদুল হক ছানু**
**সভাপতি পদে প্রার্থী**
MASHUDUL HAQUE SANU - President Candidate
আপনাদের দোয়া ও ভোট প্রার্থী

**Please cast your vote for Mashudul Haque Sanu**

প্রচারে: সমর্থক ও শুভানুধ্যায়ী বৃন্দ

---

CLIMATE CHANGE AND MIGRATION
জলবায়ু পরিবর্তন এবং অভিবাসন - শীর্ষক

## মতবিনিময় ও আলোচনা সভা

৭ জুন, ২০২২, মঙ্গলবার বিকেল ৬.৩০ টা
প্রথম আলো, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

প্রথম আলো
PROTHOM ALO FOUNDATION
MOVING ALONG WITH THE SHINING LIGHT

অনুষ্ঠানটি শুধুমাত্র আমন্ত্রিতদের জন্য নিয়ন্ত্রিত

### আলোচকবৃন্দ



**সৈয়দা রিজওয়ানা হাসান**
প্রধান নির্বাহী,
বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা)



**শরীফ জামিল**
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা)
সমন্বয়ক, ওয়াটারকিপার্স বাংলাদেশ



**আব্দুল করিম কিম**
সাধারণ সম্পাদক, সিলেট শাখা,
বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা)
সুরমা রিভার ওয়াটারকিপার



**তোফাজ্জল সোহেল**
সাধারণ সম্পাদক, হবিগঞ্জ শাখা,
বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা)
খোয়াই রিভার ওয়াটারকিপার


বিসমিল্লাহির রহমানির রাহিম
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক
নির্বাচন ২০২২-২০২৪
জালালাবাদবাসীর প্রত্যাশাকে প্রাপ্তিতে পরিণত করতে
বদরুল-মঈনুল পরিষদ
আপনার মূল্যবান ভোট ও দোয়া প্রত্যাশী
SUNDAY JUN 5, 2022
A1
বদরুল খান
সভাপতি প্রার্থী
A3
মঈনুল ইসলাম
সাধারণ সম্পাদক প্রার্থী
A2
মোঃ লোকমান হোসেন (লুকু)
সহ-সভাপতি (সিলেট)
A4
মোহাম্মদ আলিম
কোষাধ্যক্ষ
A5
ইফজাল চৌধুরী
সাংগঠনিক ও সাদস্যিক সম্পাদক
মেশিনের প্রথম সারিতে (A1 থেকে A5) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
মোহাম্মদ শাহীন কামালী
সহ-সভাপতি (সুনামগঞ্জ)
মোঃ শফি উদ্দিন তালুকদার
সহ-সভাপতি (হবিগঞ্জ)
বশির খান
সহ-সভাপতি (মৌলভীবাজার)
রোকন হাকিম
সহ-সাধারণ সম্পাদক
হোসেন আহমদ
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
ফয়ছল আলম
প্রচার ও দপ্তর সম্পাদক
মান্না মুনতাসির
ক্রীড়া সম্পাদক
বুরহান উদ্দিন
আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক
জাহিদ আহমেদ খান
সমাজ কল্যাণ সম্পাদক
সুতিপা চৌধুরী
মহিলা বিষয়ক সম্পাদক
হেলিম উদ্দিন
কার্যকরী সদস্য (সিলেট)
শামীম আহমেদ
কার্যকরী সদস্য (সুনামগঞ্জ)
দেলোয়ার হোসেন মানিক
কার্যকরী সদস্য (হবিগঞ্জ)
আমাদের প্রধান এবং অন্যতম অঙ্গীকার নির্বাচিত হলে প্রথম ১০০ দিনের মধ্যেই জালালাবাদ বাসীর প্রাণের দাবি নিউইয়র্ক সিটিতে জালালাবাদ এসোসিয়েশননের নিজস্ব ভবন ক্রয় করবো ইনশাআল্লাহ
বদরুল-মঈনুল পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
মিজানুর রহমান
কার্যকরী সদস্য (মৌলভীবাজার)
PLEASE VOTE FOR BADRUL-MOINUL PANEL
প্রচারেঃ নির্বাচন পরিচালনা কমিটি, বদরুল-মঈনুল পরিষদ

সম্পাদকীয়

## আমেরিকাকে মূল্য দিতে হবে

ওয়াশিংটনে আবার নেতারা নড়াচড়া শুরু করেছেন। ১৯টি শিশুর মুখ সমস্ত আমেরিকার জন্য লজ্জা হয়ে দাঁড়িয়েছে। যে দেশ তাদের শিশুদের নিরাপত্তা দিতে পারে না, সারাবিশ্বের মানুষের নিরাপত্তা নিয়ে মাতবরি প্রশ্নের সম্মুখীন। গতসপ্তাহে টেক্সাসে একটি প্রাথমিক বিদ্যালয়ে গুলি করে অন্তত ১৯ শিক্ষার্থীসহ ২১ জনকে হত্যা করেছে ১৮ বছরের এক বন্দুকধারী। ছোট্ট শহর ইউভালদের রব এলিমেন্টারি স্কুলে নির্বিচারে এ মানুষ হত্যা যুক্তরাষ্ট্রে একের পর এক সংঘটিত বন্দুক হামলার ঘটনার মধ্যে সাম্প্রতিকতম। যদিও গত এক দশকে দেশটিতে বিদ্যালয়ে বন্দুক হামলার ঘটনাগুলোর মধ্যে এটিই ছিল সবচেয়ে রক্তক্ষয়ী। এত শিক্ষার্থী ও দুই শিক্ষককে হত্যার এ ঘটনায় একই সঙ্গে ক্ষোভ ও দুঃখ ছড়িয়ে পড়েছে। ক্ষোভ ও দুঃখ প্রকাশকারীদের মধ্যে রয়েছেন প্রভাবশালী মার্কিন রাজনীতিবিদ; আছেন বিশ্বনেতারাও। তাঁরা যুক্তরাষ্ট্রে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ আইন কার্যকর করার আহ্বান জানাচ্ছেন।

আগ্নেয়াস্ত্রের সহিংসতা মোকাবিলায় পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। বছরের পর বছর ধরে চলা এ সহিংসতা থামানোর ব্যর্থতার পেছনে এ সংক্রান্ত আইন পাস বন্ধে আগ্নেয়াস্ত্র নির্মাতা ও তাদের সমর্থকদের দায়ী করেছেন তিনি। প্রেসিডেন্ট বাইডেন বলেছেন, 'একটি জাতি হিসেবে আমাদের জিজ্ঞাসা করতে হবে, ঈশ্বরের নামে কখন আমরা আগ্নেয়াস্ত্র আইনের সমর্থনে সোচ্চার হব? আমাদের আগেই যা করা উচিত ছিল, তা ঈশ্বরের নামে কখন আমরা করব? আমরা কেন এ হত্যাকাণ্ড সঙ্গে নিয়ে বেঁচে থাকতে চাইছি?'

যুক্তরাষ্ট্রের মাটিতে এমন বন্ধুক হামলা প্রায়ই ঘটে। তবে অস্ত্র আইনে বড় পরিবর্তন আনেনি রিপাবলিকান বা ডেমোক্র্যাট কোনো সরকারই। যুক্তরাষ্ট্রের সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) বলছে, যুক্তরাষ্ট্রের ৩২ কোটি নাগরিকের হাতে ৩৯ বন্দুক কোটি আছে। এ ঘটনায় উদ্বেগ জানিয়ে একটি প্রতিবেদনও ছেপেছে সিডিসি। সিডিসির হিসেবে, ২০২০ সালে গুলিতে প্রাণ হারিয়েছে চার হাজার ৩০০ শিশু। তাদের বয়স ১-১৯ বছরের মধ্যে। ২০১৯ সালের চেয়ে যা ৩৩.৪ শতাংশ বেশি। সিডিসি বলছে, দেশে ২৯.৫ শতাংশ শিশু-কিশোররা আগ্নেয়াস্ত্র ব্যবহার করে। গুলিতে মৃত্যুর ঘটনাগুলোর মধ্যে আছে খুন, আত্মহত্যা, অনিচ্ছাকৃত হত্যাকাণ্ড। এ সময় যুক্তরাষ্ট্রে আত্মহত্যার হার বাড়ে ১ দশমিক ১ শতাংশ।

আইনিভাবে আগ্নেয়াস্ত্র রাখার সুযোগ প্রায় অবাধ বলে এসব ঘটনা ঘটেছে। এসব ঘটনার মূল কারণ বিনামূল্যে আগ্নেয়াস্ত্র পাওয়ার সুবিধা। যুক্তরাষ্ট্রে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের দাবি বিভিন্ন সময়ে উত্থাপিত হলেও প্রস্তুতকারকদের কারণে তা আলোর মুখ দেখেনি।

বছর কয়েক আগেও যুক্তরাষ্ট্রের অস্ত্র আইন প্রণয়নের পক্ষের হার ছিল ৬১ শতাংশ। সাম্প্রতিক কিছু ঘটনার পড় যুক্তরাষ্ট্রের ৬৮ শতাংশ মানুষ এখন নতুন অস্ত্র আইন প্রণয়নের পক্ষে। দীর্ঘদিন ধরে আগ্নেয়াস্ত্র বৈধতার কারণে যুক্তরাষ্ট্রে অস্ত্র এখন সংস্কৃতির অংশ। দেশটির প্রত্যন্ত অঞ্চলে বিশেষ করে দক্ষিণের অঙ্গরাজ্যগুলোতে অস্ত্রকে ঈশ্বর প্রদত্ত অধিকার বলে মনে করা হয়। যুক্তরাষ্ট্রে অভ্যন্তরীণ অস্ত্র ব্যবসা অত্যন্ত লাভজনক। আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের পক্ষে দেশের অধিকাংশ মানুষ একমত হলেও এ ব্যাপারে কোনো অগ্রগতি হয় না। এর প্রধান কারণ যুক্তরাষ্ট্রের 'গান লবি'। ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন (এনআরএ) যুক্তরাষ্ট্রের মানুষের অস্ত্র বহনের অধিকারের পক্ষে প্রধান লবিং গ্রুপ।

এনআরএ'র যুক্তি, অস্ত্র হাতে একজন বাজে লোককে ঠেকানোর সবচেয়ে সহজ উপায় হলো একজন ভালো লোকের হাতে অস্ত্র তুলে দেওয়া। ভয়ের কথা হলো, এনআরএ'র এই প্রচারণায় আমেরিকার মানুষ ক্রমেই বিশ্বাস করা শুরু করেছে। নিজের ঘরে অস্ত্র থাকলে নিরাপদ থাকা যায়, তাদের এই যুক্তি সমর্থন করে দেশের অধিকাংশ মানুষ। কংগ্রেসের বিভিন্ন সদস্যকে প্রভাবিত করার জন্য এরা বছরে প্রায় ২৫ কোটি ডলার খরচ করে থাকে। তবে কেবল রাজনীতিকদের প্রভাবিত করাই মূল নয়, এই সংস্থার সঙ্গে জড়িত ৫০ লাখ সদস্যও অস্ত্র আইন পরিবর্তন না করার পেছনে অন্যতম নিয়ামক। ২০১৬ সালের নির্বাচনে আগ্নেয়াস্ত্রের পক্ষে, এমন প্রার্থীদের পক্ষে তারা সরাসরি খরচ করেছে ৫ কোটি ২০ লাখ ডলার। বাফেলো ও টেক্সাসের ঘটনার পর আবার ওয়াশিংটনে আলোচনা শুরু হয়েছে। আইনপ্রণেতারা নিজেদের মধ্যে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে একটা উপায় খোঁজার চেষ্টা করছেন। টেক্সাসের ঘটনার পড় আমেরিকার বিভিন্ন এলাকায় স্কুল শিক্ষার্থী ক্লাস থেকে বেরিয়ে পড়ে। তাদের হাতে প্লেকার্ড শোভা পাচ্ছিল—'আমরা বাঁচতে চাই!' আমেরিকার সমাজ, আমেরিকার রাজনীতি এদেশের শিশুদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছে। এ লজ্জা ধারণ করেও যদি এখনও যদি এ নিয়ে রাজনীতি করার পরিণাম ভয়াবহ হবে। শক্ত আগ্নেয়াস্ত্র আইন প্রণয়ন করা, অস্ত্র কেনা কঠিন করা, অবৈধ অস্ত্র উদ্ধার করাসহ সমাজের সর্বত্র নিরাপত্তা ব্যবস্থা জোরদার না করলে এমন ঘটনা ঘটতেই থাকবে। আমেরিকায় নীরবে এখন শ্বেতাঙ্গ চরমপন্থীদের উত্থান ঘটছে। এসব প্রতিরোধ না করা গেলে আমেরিকাকে মূল্য দিতে হবে। কঠিন হবে এ মূল্য!

# এবার হবে আমার 'ইচ্ছে পূরণ'

কমল জোহা খান



এই তো মাত্র কয়েক বছর আগের কথা। সপ্তাহে অন্তত দু'দিন গরুর মাংস না খেলে মন ভরত না। বাজারে গেলে কমপক্ষে তিন থেকে পাঁচ কেজি গরুর মাংস কিনে হাসি মুখে গদগদভাবে বাড়ি আসতাম। শুধু গরুর মাংসই নয়, গোটা চারেক মুরগি, কিছু মাছও থলিতে থাকত। কখনো সখনো খাসির মাংসও কিনে এনেছি। বাড়ি এসে ঠিক করতাম, কিভাবে গরুর মাংস রাঁধব। মাংস ভুনা করব, রেজালা হবে, বিরিয়ানি, টিকিয়া, কাবাব, না অন্য কিছু! মেন্যু ঠিক করে মনের আনন্দে পরম তৃপ্তিতে মাংস খেতাম সপরিবারে। বাংলাদেশে তখন আয়ের সঙ্গো দামের পার্থক্য কম থাকায় মাংসসহ যে কোনো খাদ্যপণ্যের নাগাল আমার মতো মধ্যবিত্তরা পেয়ে যেতেন। এজন্য আমার মতো মতো চাকরিজীবীদের নাগালে কিছুটা হলেও ছিল রসনা বিলাস। একবার তো ঈদের সময় প্রথম আলোর কয়েক সহকর্মী মিলে আস্ত গরু কিনে মাংস ভাগ করে বাড়ি নিয়ে গিয়েছিলাম।

এবার হিসেবের পাতা উল্টিয়ে নিই। ২০১৩ সালে ২৫০ টাকা কেজি গরুর মাংস, ৩৫০ টাকা খাসির মাংস, আর সোনালি মুরগি ১৫০ টাকার কিছু কম বেশি দামে কিনতে পেরেছি। ২০১৪ সালে ২৮০ টাকা ছিল এককেজি গরুর মাংস। ২০১৫ সালের শুরুতে সেটি হয়ে যায় ৩০০ টাকা। কিন্তু ভারতের বিজেপি সরকার সীমান্ত দিয়ে গরু আনা বন্ধ করে দিয়েছে—এই কারণ দেখিয়ে গরুর মাংসের দাম উঠে যায় ৩৭০ টাকায়। ভারত থেকে গরু আসা বন্ধের কারণ দেখিয়ে ২০১৭ সালে রমজান মাসে গরুর মাংসের দাম আরও কয়েক দফা বাড়ান মাংস বিক্রেতারা। ওই বছর রমজানে সিটি করপোরেশন গরুর মাংসে দাম নির্ধারণ করে ৪২০ টাকা। একই অজুহাতে সবশেষ ২০১৮ সালের রমজানের আগে গরুর মাংসের দাম ৫০০ টাকা নির্ধারণের দাবি করেন মাংস বিক্রেতারা। তবে নানা কারণে গরুর মাংসের দাম ৪৫০ টাকা নির্ধারণ করা হয়। তবে রমজানের শুরুতে ৫০০ টাকায় মাংস বিক্রি করতে থাকেন বিক্রেতারা। এ সময় র‍্যাবসহ ভ্রাম্যমাণ আদালতের অভিযানের কারণে ৪৫০ টাকায় বিক্রি করেন তাঁরা। তবে ২৫ রোজার পর দাম ৫০০ টাকার ওপরে নিয়ে যান মাংস বিক্রেতারা। ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত ৫৫০ টাকার ঘরে ওঠানামা। এর পর গরুর মাংস বিক্রেতারা বাঘের মেজাজে গর্জে ওঠেন। একলাফে ৬৮০ টাকা। আর এবছর রোজার ঈদের চাঁদ রাতে ৭৫০ টাকায় কিনতে বাধ্য হন ক্রেতারা।

প্রথম আলোয় প্রতিবছর রমজান মাস ও কোরবানির ঈদের হাট, গরুর চাহিদা, যোগানের ওপর প্রতিবেদন করতে গিয়ে জেনেছি বা দেখেছি, রোজার ঈদের মাস দুয়েক আগে শুরু হয় মাংসের দাম বৃদ্ধির কাণ্ড। এর পর নানাভাবে চাপ সৃষ্টি করে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়রের সঙ্গে বৈঠক করে প্রতিকেজি মাংস আগের বছরের তুলনায় ১০০ টাকা বাড়ানো হয়। ২০১৩ সাল থেকে এ ধরনের কৌশল করে আসছেন মাংস ব্যবসায়ীরা। আর প্রশাসনও চুপ করে বসে থাকে। অজুহাত হিসেবে দাঁড় করানো হয় গবাদিপশু খাদ্যের দাম বৃদ্ধি, ভারতীয় গরু কম আসা, চাঁদাবাজি। অথচ বাংলাদেশের প্রাণিসম্পদ অধিদপ্তর ও মন্ত্রণালয় থেকে দাবি করা হয়, ২০১৬ সাল থেকে মাংস উৎপাদনে বাংলাদেশ স্বাবলম্বী। দেশের চাহিদা খামারিরাই মেটান।

দেখা গেছে, গত ৭ বছরের বাংলাদেশে গরু ও খাসির দাম প্রায় ২০০গুণ বেড়েছে। মুরগির মাংসের দাম বেড়েছে দ্বিগুণ। ডিমের দাম বেড়েছে ৫০ শতাংশেরও বেশি।

> একজন মানুষ প্রতিবেলায় ১৫০ গ্রাম করে মাংস খেয়ে থাকেন বা প্রয়োজন হয়। তাহলে তিন বেলা মাংস খেতে হলে প্রতিদিন কত টাকা প্রয়োজন হতে পারে। এর সঙ্গে মাংস রান্নার অন্যান্য উপকরণও কিনতে হবে। অঙ্কটা কোথায় গিয়ে ঠেকবে?

প্রাণিসম্পদ অধিদপ্তরের হিসাবমতে, ২০২০-২১ অর্থবছরে পশুর উৎপাদন আগের অর্থবছরের চেয়ে ৩ লাখ ৯৯ হাজার বেড়ে হয় ৫ কোটি ৬৩ লাখ ২৮ হাজার। এর মধ্যে ৪৪ শতাংশ গরু, ৪৫ শতাংশ ছাগল। বাকিগুলো মহিষ ও ভেড়া। দেশে জনপ্রতি মাংসের চাহিদা দৈনিক ১২০ গ্রাম। সে হিসাবে বছরে মাংসের চাহিদা ৭৪ লাখ ৩৭ হাজার মেট্রিক টন। দেশে ২০২০-২১ অর্থবছরে মাংসের উৎপাদন ছিল ৮৪ লাখ ৪০ হাজার টন। অর্থাৎ মাংসের উদ্বৃত্ত ১০ লাখ টন। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার ২০১৭ সালের প্রতিবেদন অনুযায়ী, গরু, ছাগল, মহিষ, ভেড়া—সব মিলিয়ে গবাদিপশু উৎপাদনে বাংলাদেশের অবস্থান বিশ্বে ১২তম।মাংস উৎপাদন বাড়লেও দাম লাফিয়ে লাফিয়ে। রাজধানী ঢাকা শহরের সঙ্গে দেশের অন্যান্য অঞ্চলের মানুষের দামের ফারাক টাও কবে এসেছে। গত ছয় মাস আগে রাজধানী ঢাকায় গরুর মাংসের দাম ৫৫০ টাকা ছিল। বিভিন্ন জেলা শহরে সঙ্গে মাংসের দামের পার্থক্য ছিল প্রায় ৫০ থেকে ৬০ টাকার মতো। উদাহরণ হিসেবে বলা যায়, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলা সাতক্ষীরা গেল বছর ডিসেম্বর মাসে এক কেজি মাংস পাওয়া যেত ৪৮০ থেকে ৫০০ টাকার মধ্যে। এখন এই চিত্রটি উল্টো হয়ে গেছে। রাজধানী ঢাকায় রমজানের পর ৬৮০ টাকায় ১ কেজি মাংস পাওয়া গেলেও, সাতক্ষীরা শহরে এখন মাংস বিক্রি হচ্ছে ৭২০ থেকে ৭৫০ টাকায়। চট্টগ্রাম শহরে বরাবরই মাংসের দাম বেশি। গরুর মাংস ৭৫০ থেকে ৮০০ টাকায় মিলছে। প্রবাসী অধ্যুষিত এলাকা সিলেট অঞ্চলের অবস্থাও একই।

রাজধানীর ঢাকায় আমার একটি স্থায়ী আবাসস্থল রয়েছে। তার পরও মনে করতে পারছি না শেষ কবে গরুর মাংস কিনেছি। যারা ভাড়া বাড়িতে থাকেন তাদের কি অবস্থা হতে পারে। এভাবে কিছুটা সময় ভেবে ভেবে মনে পড়ল, এবার ঈদের আগে ২৪ রমজানে মাংস কিনেছিলাম। ঈদের পর দিন তিনেক সেই মাংস খেয়েছি। এর পর মাংস কেনা সম্ভব হয়নি আমার পক্ষে। মাংস কেনার চিন্তা করলে, তিন বেলার খাবার কথা ভুল করেও মস্তিষ্কে আসে না। বরং তিন বার ভাবতে গিয়ে মস্তিষ্ক আরও এলোমেলো হয়ে যায়। মুরগি কিনতেও ভয় পাই। ডিমও হাতছাড়া হবার দশা। অথচ ২৮ মে শুনলাম, 'মানুষ চাইলেই তিনবেলা মাংস খেতে পারে।'

সেদিন রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, দেশের মানুষ এখন চাইলে তিন বেলা মাংস খেতে পারে। দেশের বিজ্ঞানীদের নিরলস প্রচেষ্টায় বাংলাদেশের প্রাণিসম্পদ খাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে।

মন্ত্রীরা সাধারণত সাফল্যের কথা বলে গিয়ে একথা বলতেই পারেন। বাংলাদেশের শহরাঞ্চল বাদ দিলে গ্রামে এখনো যৌথ পরিবারের চল রয়েছে। সেখানে কোনো কোনো পরিবারের সদস্য সংখ্যা কমপক্ষে ১০জন। অনেক পরিবারের এই সংখ্যা আরও বেশিও হতে পারে। আর শহরে একটি পরিবারে সদস্য সংখ্যা গড়ে ৪ জন। পুষ্টিবিদদের মতে, একজন মানুষ প্রতিবেলায় ১৫০ গ্রাম করে মাংস খেয়ে থাকেন বা প্রয়োজন হয়। তাহলে তিন বেলা মাংস খেতে হলে প্রতিদিন কত টাকা প্রয়োজন হতে পারে। এর সঙ্গে মাংস রান্নার অন্যান্য উপকরণও কিনতে হবে। অঙ্কটা কোথায় গিয়ে ঠেকবে?

যাহোক, ছেলেবেলায় রবীন্দ্রনাথের ছোটগল্প ইচ্ছে পূরণ পড়েছিলাম। তখন আমারও বাবা বড় হওয়ার ইচ্ছে জেগেছিল। বড়বেলায় মন্ত্রীর কণ্ঠে 'মানুষ চাইলেই তিনবেলা মাংস খেতে পারে' শুনে সাধ জেগেছে 'ইচ্ছে পূরণ' লেখার।

# ইসলামে দায়িত্ব ও কর্তব্য পলনের গুরুত্ব

শামীম সিদ্দিকী

মানুষ একে অপরের সঙ্গে মিলেমিশে শান্তিপূর্ণভাবে বসবাস করতে চায়। সে খেয়ালখুশি অনুযায়ী চলতে পারে না। সমাজের সবার সুবিধার্থে ব্যক্তিস্বার্থ ত্যাগ করে কর্তব্যনিষ্ঠ হতে হয়। সমাজের ধর্ম-বর্ন,ধনী-গরীব নির্বিশেষে কোন মানুষই কাজকর্ম ছাড়া অলসভাবে জীবন অতিবাহিত করতে পছন্দ করে না। ব্যক্তি, পরিবার ও সমাজ জীবনে সব মানুষের প্রতি পারস্পারিক দায়িত্ব ও কর্তব্য রয়েছে। তাই আল্লাহর নির্দেশ অনুযায়ী মানুষকে দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হতে হবে। ইমানদারের প্রতিটি কর্তব্যই ইবাদত, যদি তা মানুষের জন্য কল্যাণকর ও নিঃস্বার্থ হয়। এ প্রসঙ্গে হাদিসে হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, 'কর্মের ফল নিয়তের ওপর নির্ভরশীল।—সহিহ বোখারি । একজন মানুষের জীবনবোধের অবিচ্ছেদ্য অংশ হলো দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা। নিজের দায়িত্ব ও শৃঙ্খলার জন্য গ্রহণযোগ্য কর্তব্য পরায়ণয়তা মানুষের অন্যতম কাজ। তাই নবী করিম (সা.) সাবধানবাণী উচ্চারণ করে বলেছেন,'তোমার নিজের প্রতি কর্তব্য রয়েছে। '-সহিহ বোখারি।

ইসলাম ধর্মে নিজের আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী,সমাজের বায়োজ্যেষ্ঠ ও বয়ঃকনিষ্ঠ সবার প্রতি পারস্পারিক দায়িত্ববোধকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। জীবনের সর্বক্ষেত্রে সব সময় পিতা-মাতার আদেশ-নিষেধ মান্য করা এবং তাদের সঙ্গে সৌজন্যময় আচরণ করা মানুষের একান্ত কর্তব্য। পিতা-মাতা, সন্তান-পরিজনের প্রতি বিশেষ কর্তব্য রয়েছে। পিতা-মাতার প্রতি অবহেলা ক্ষমার অযোগ্য অপরাধ। তাদের সেবা করার জন্য পবিত্র কোরআনে বর্ণিত রয়েছে, 'তোমরা পিতা-মাতার সঙ্গে সদ্ব্যবহার করবে। '

আত্মীয়-স্বজনের প্রতি দায়িত্ব পালনের বিশেষ দিক নির্দেশনাও ইসলামে রয়েছে। পরিবার-পরিজন ও আত্মীয়-স্বজনের সহায়তা করা এবং তাদের প্রতি সহানুভূতি প্রদর্শন করা একান্ত কর্তব্য। পবিত্র কোরআনে বর্ণিত রয়েছে, 'সত্যিকার কর্তব্যপরায়ণ তারাই যারা আত্মীয়স্বজনকে তাদের প্রিয় ধন-সম্পদ দান করে।'

যে ব্যক্তি আত্মীয়-স্বজন,পাড়া-প্রতিবেশীর বিপদে-আপদে সাহায্য-সহযোগিতা করে এবং প্রতিবেশীকে কষ্ট দেয় না সেও কর্তব্যপরায়ণ মানুষ। এ বিষয়ে হযরত রাসূলুল্লাহ (সা.) হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, 'যে ব্যক্তির প্রতিবেশী তার অত্যাচার ও অন্যায় আচরণ থেকে রক্ষা পায় না, সে জান্নাতে প্রবেশ করবে না। '-সহিহ মুসলিম।

সহকর্মী, বন্ধুবান্ধব ও সহপাঠীদের সঙ্গে কোনো রকম অপ্রীতিকর কর্মকাণ্ড ও দ্বন্দ্ব-কলহ করা যাবে না। সর্বদা ভিন্ন ধর্মাবলম্বীদের সঙ্গে মিলেমিশে থাকতে হবে। শিক্ষার্থী বন্ধুদের বই, খাতা, কলম, পেনসিল না থাকলে এগুলো দিয়ে তাকে সাহায্য করা কর্তব্য। পিতা-মাতা যেমন সন্তানের লালন-পালন করেন, তেমনি শিক্ষকও ছাত্র-ছাত্রীদের



প্রকৃত মানুষরূপে গড়ে তোলেন, তাই শিক্ষকদের যথাযথ শ্রদ্ধা করা, তাদের আদেশ-নিষেধ মেনে চলা উচিত। ধনী লোকরা দরিদ্র-অসহায়দের সাহায্য করবে এবং গরিবরা ধনীদের সহযোগিতা করবে, এটাই ইসলামের বিধান। সুতরাং অনাথ, মিসকিন, দুস্থ ও হতদরিদ্র ব্যক্তিদের সর্বাত্মক সাহায্য-সহায়তা করা অপরিহার্য। পবিত্র কোরআনে কারিমে আল্লাহতায়ালা ঘোষণা করেছেন, 'আর তাদের (ধনীদের) সম্পদে প্রার্থী ও ধনীদের অধিকার রয়েছে। '

কর্মজীবনে মালিকপক্ষ কর্তব্যরত শ্রমিকদের সঙ্গে অবশ্যই উত্তম ব্যবহার করবে। শ্রমিক-কর্মচারীরা প্রতিষ্ঠানে মালিকের কাজকর্মে কোনো রকম ফাঁকি দেবে না। কর্মচারীরা মন-প্রাণ দিয়ে স্বীয় দায়িত্ব ও কর্তব্য পালন করতে থাকবে। মালিকপক্ষ শ্রমিকদের নির্ধারিত পারিশ্রমিক ঠিকমতো দিয়ে দেবে। শ্রমিক ও মজুরের উপর কোনো ধরনের জুলুম-নির্যাতন ও শোষণ করবে না। নবী করিম (সা.) বলেছেন, 'শ্রমিককে তার ঘাম শুকানোর আগে পারিশ্রমিক দিয়ে দাও। '

দায়িত্ব ও কর্তব্যে অবহেলার পরিণাম খুবই ভয়াবহ। কর্তব্যে অবহেলা, অমনোযোগিতা প্রভৃতি নানা ধরনের বিপদ, ব্যর্থতা ও বিপর্যয় ডেকে আনে। জীবনের কঠিন বাস্তবতায় কর্তব্যপরায়ণতা একটি আমানত এবং মনুষ্যত্বের প্রতীক। পরিবারে পিতা-মাতার প্রতি কর্তব্যে অবহেলার দরুন সুখের সংসার ধ্বংস হয়ে যায়; ছেলেমেয়েরা পারিবারিক ও সামাজিক বন্ধন থেকে বিচ্ছিন্ন হয়ে বিপথগামী ও উদাসীন হয়। তারা ঠিকমতো পড়াশোনা না-করে বিভিন্ন অপকর্মে লিপ্ত হয়। এভাবে প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য পালন না করলে তাদের ব্যক্তিগত, পারিবারিক ও সমাজ জীবনে নানাবিধ ক্ষতি সাধিত হয়।

হাদিস শরিফে কর্তব্যপরায়ণতার ক্ষেত্রে সুস্পষ্ট করে বলা হয়েছে- শাসক, স্বামী, স্ত্রী, দাস প্রত্যেকেরই জবাবদিহির বিষয় রয়েছে। তাই হযরত রাসূলুল্লাহ (সা.) সতর্কবাণী উচ্চারণ করেছেন, 'সাবধান! তোমরা প্রত্যেকেই প্রত্যেকেরই রক্ষক এবং তোমাদের সে সম্পর্কে প্রশ্ন করা হবে। ' –সহিহ বোখারি ও মুসলিম।

মানবজীবনে সততা, ন্যায়নিষ্ঠা ও কর্তব্যপরায়ণতার যথেষ্ট প্রয়োজন রয়েছে। জাতি-বর্ণ-ধর্ম-সম্প্রদায়-দল-মত-নির্বিশেষে সবাইকে কর্তব্যনিষ্ঠার মাধ্যমে সমাজ, দেশ ও জাতিকে পুনর্গঠন করতে সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে।

সামাজিক তথা জাতীয় উন্নয়ন এবং অগ্রগতি প্রত্যেক মানুষের নিজ নিজ দায়িত্ব কর্তব্যপরায়ণতার ওপর নির্ভরশীল। প্রতিটি মানুষ যদি নিজ নিজ কর্তব্য সম্পর্কে দায়িত্বসচেতন থাকে এবং প্রত্যেকে নিজের কর্তব্য যথাযথ ভাবে পালন করে, কোনো কাজই অবহেলা না করে,তাহলে সমাজ ও দেশ উন্নয়ন ও অগ্রগতির পথে চলতে থাকে এবং দেশ ও জাতি সমৃদ্ধশালী হয়। আল্লাহতা'লা আমাদের সকলকে নিজ নিজ অবস্থান থেকে সততা, ন্যায়নিষ্ঠা ও কর্তব্যপরায়ণতার সাথে দায়িত্ব পালনের তৈফিক দান করুন। আমিন।


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
NURUL AZIM
516-451-3748
Eastern Investment
Choudhury S Hasan MD
GASTROENTEROLOGIST
Khalil Biryani House
Mr. Khalilur Rahman
Founder & CEO
Liberty Renovation
Real Estate Developer
www.libertyrenovation.com
TAREQ HASAN KHAN
CEO
Global MS Inc
PRESENTS
ইষ্ট রিভারে
আনন্দ ভ্রমণ
June 5th 2022
Sunday
নৃত্যে চিত্রনায়িকা
শিরিন শীলা
TIME: 12 NOON
TO 5 PM
SITE NAME
1 WORLDS FAIR MARINA
TICKETS
kid's: $30
Adult: $60
INCLUDING
LUNCH
আকর্ষণীয় র‍্যাফেল ড্র
ORGANIZED BY
SHOW TIME
MUSIC
টিকিট প্রাপ্তি স্থান: ব্রুকলিন: সূচনা গ্রোসারি
জ্যাকসন হাইটস: খামার বাড়ী গ্রোসারি
ব্রঙ্কস: তানিয়া বিউটি সেলুন, খলিল বিরানি হাউজ
জ্যামাইকা: আপনার ফার্মেসী
For More Info ....
646 546 6038


মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Hard Money 9%
Low Income, No Problem
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
646-920-4799
Akib Hussain
32-65 31st Street, Astoria, NY11106
Direct Lender
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ
● ইন্টারেস্ট রেট কম
● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল
● ফাষ্ট ক্লোজিং
● দ্রুত এবং বিশ্বস্ত


নতুন ঠিকানায় আতিথেয়তার সাথে আমাদের সেবা গ্রহণ করুন
37-48 72nd Street 2nd Floor Jackson Heights New York 11372
Tel: 917-722-1405 & 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com
Visit us at: www.legalnetworkusa.com
এসাইলাম সেন্টার / স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
বাংলাদেশ/ইন্ডিয়া/পাকিস্তান/নেপাল/সাউথ আমেরিকা/আফ্রিকা এবং অন্যান্য
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা। প্রশ্ন হলো, আপনার এই কেইসটি কে তৈরী করছে এবং কে আপনাকে রিপ্রেজেন্ট করছে?
কেন আমাদের কাছে আসবেন
● আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
● বাংলাদেশ জাতীয়তাবদী দল (বিএনপি)কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।
● ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
● আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
● ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
● দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকার JEWISH ATTORNEY দের সাহায্য নিন এবং আমেরিকায় আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
● ফ্রি কনসালটেন্সি।
Visit us at: www.legalnetworkusa.com
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
(আমরা নিন্দিত এবং সমালোচিত। কিন্তু আপনার সমস্য সমাধানে আমরা অদ্বিতীয়)
37-48 72nd Street 2nd Fl Jackson Heights New York 11372 Tel: 917-722-1405, 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com


ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি
স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও
PICTURES
VIDEOS
MUSIC
tvdesiBox
Dependable live streaming platform
72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

# Law Offices

## এক্সিডেন্ট কেইসেস

**মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম**

# 917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

**IMMIGRATION**

- স্টুডেন্ট ভিসা
- ইনভেষ্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

**সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার**

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

## জালালাবাদ এসোসিয়েশনকে সিন্ডিকেট মুক্ত করার আহ্বান

**উত্তর আমেরিকা অফিস**

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সভাপতি পদপ্রার্থী মাসুদুল হক ছানুসহ ৫ স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়। ব্রঙ্কসে নিরব রেস্টুরেন্ট পার্টি হলে ৩০ মে সোমবার রাতে সমাবেশে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনককে সিন্ডিকেডের কবল থেকে উদ্ধারের আহ্বান জানানো হয়।

ব্রঙ্কস নির্বাচন পরিচালনা কমিটি আয়োজিত সমাবেশে স্বতন্ত্র সভাপতি পদপ্রার্থী মাসুদুল হক ছানু, সহ- সভাপতি (সিলেট) পদপ্রার্থী শাহ মিজানুর রহমান, সাধারণ সম্পাদক পদপ্রার্থী সাইকুল ইসলাম, কোষাধ্যক্ষ পদপ্রার্থী মিসবা উদ্দিন আহমেদ এবং সাংগঠনিক ও সাদস্যিক পদপ্রার্থী শহীদুল হককে পরিচয় করিয়ে দেয়া হয়। সমাবেশে প্রধান অতিথি ছিলেন সভাপতি পদপ্রার্থী মাসুদুল হক ছানুর নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মো. আব্দুর রাজ্জাক। কমিউনিটি অ্যাক্টিভিস্ট শ্যামল কান্তি চন্দের সভাপতিত্বে এবং সভাপতি পদপ্রার্থী মাসুদুল হক ছানুর নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব শাহ মো. সেলিমের পরিচালনায় সমাবেশে বিশেষ অতিথি ছিলেন নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী মুহিদুল ইসলাম, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র সাবেক সভাপতি সোহান আহমেদ টুটুল, সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দিন, এস্টোরিয়া আল আমিন মসজিদের সাধারণ সম্পাদক কয়েছ আহমেদ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সাবেক সহ-সভাপতি মির্জা মামুন রশিদ।

সভাপতি পদপ্রার্থী মাসুদুল হক ছানু তার প্রতিদ্বন্দ্বি সভাপতি প্রার্থী বদরুল খানের জালালাবাদ এসোসিয়েশনে দায়িত্বকালীন আর্থিক অনিয়মসহ নানা অভিযোগ তুলে ধরেন। তিনি নির্বাচিত হলে এসব বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান।



আবদুল গাফ্‌ফার চৌধুরীর প্রয়াণে নিউইয়র্কে স্মরণসভা। ছবি: সংগৃহীত

## আবদুল গাফ্‌ফার চৌধুরীর প্রয়াণে স্কলারস বাংলাদেশের স্মরণসভা

**উত্তর আমেরিকা অফিস**

অমর একুশে গানের রচয়িতা, সাংবাদিক আবদুল গাফ্‌ফার চৌধুরীর প্রয়াণে নিউইয়র্কে স্মরণসভার আয়োজন করে স্কলারস বাংলাদেশ।

জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে ২৮ মে শনিবার এ নাগরিক স্মরণসভার আয়োজন করা হয়। প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহর সভাপতিত্বে এবং হোস্ট সংগঠনের প্রধান এম ই চৌধুরী শামীমের সঞ্চালনায় আলোচনা সভায় আবদুল গাফ্‌ফার চৌধুরীর আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মৃতিচারণ করেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল ড. মুনিরুল ইসলাম, বিটিভির সাবেক প্রযোজক, চারণকবি বেলাল বেগ, লেখক-সাংবাদিক হাসান ফেরদৌস, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ, বীর মুক্তিযোদ্ধা-কণ্ঠশিল্পী তাজুল ইমাম, কমিউনিটি লিডার মোর্শেদ আলম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সউদ চৌধুরী। শুরুতে রূপা চৌধুরীর নেতৃত্বে সমবেত কণ্ঠে 'আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে' পরিবেশিত হয়। এরপর 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গেয়ে উপস্থিত সবাই আবদুল গাফ্‌ফার চৌধুরীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে সাংবাদিক আবদুল গাফ্‌ফার চৌধুরীর লেখা ৮০/৯০টি কবিতার সংকলন 'সময়ের ঘড়ি' গ্রন্থের মোড়ক উন্মোচন করেন অতিথিবৃন্দ। কবিতার সংকলনটি প্রকাশ করেছেন এম ই চৌধুরী শামীম। তিনি জানান, এটির মোড়ক উন্মোচন করার কথা ছিল গাফ্‌ফার চৌধুরীর। কিন্তু তার আগেই তাঁকে হারালাম। অথচ এটি ছিল তাঁর লেখা কবিতার একমাত্র সংকলন।

লেখক-সাংবাদিক হাসান ফেরদৌস বলেন, আবদুল গাফ্‌ফার চৌধুরীর হৃদয়জুড়ে বিরাজ করত প্রিয় মাতৃভূমি, যা তাঁর লেখনিতে প্রকাশ পেয়েছে।

বিটিভির সাবেক প্রযোজক বেলাল বেগ বলেন, আমাদের হৃদয়ে থাকবে একজন চণ্ডিদাস, একজন রবীন্দ্রনাথ, একজন নজরুল এবং একজন গাফ্‌ফার চৌধুরী। তার কারণ হচ্ছে তিনি বাঙালিত্বকে জাগ্রত রাখতে অবিস্মরণীয় একটি কবিতাটি লিখেছিলেন, যা বাঙালিবিশ্বে চিরভাস্বর হয়ে থাকবে।

## নিউইয়র্কে এক্সেলসিয়র স্কলারশিপ উন্মুক্ত

**এইচ বি রিতা**

এক লাখ ২৫ হাজার পর্যন্ত পারিবারিক আয়সহ ৯ লাখ ৪০ হাজারের বেশি শিক্ষার্থীর জন্য এক্সেলসিয়র স্কলারশিপ প্রোগ্রাম নিউইয়র্কে এখনও উন্মুক্ত রয়েছে।

২০১৭ সালে চালু করা নিউইয়র্কের এক্সেলসিয়র স্কলারশিপটি আমেরিকাজুড়ে আলোচনায় আসে। এটি একাডেমিক পারফরম্যান্সের সাথে সংযুক্ত না হয়েও কলেজ শিক্ষার্থীদের চার বছরের টিউশন কভার করে। নিউইয়র্কের প্রোগ্রামটি নিউইয়র্কের সিটি ইউনিভার্সিটি এবং স্টেট ইউনিভার্সিটির সমস্ত স্কুলের জন্য প্রযোজ্য। তবে অনেক নিম্ন আয়ের যোগ্য শিক্ষার্থীরা আবেদন না করাতে এই সুবিধা থেকে বাদ পড়ে যাচ্ছে। এক প্রতিবেদনে দেখা গেছে, প্রথমবর্ষের কিউনি স্নাতকদের মধ্যে মাত্র ২৫ শতাংশ যোগ্য শিক্ষার্থী এক্সেলসিয়র পেয়েছে। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক এবং প্রতিবেদনের লেখক জুডিথ স্কট-ক্লেয়টনের মতে, ৬৮ শতাংশ প্রোগ্রামের অর্থ ৭০ হাজার বা তার বেশি আয়ের পরিবারের শিক্ষার্থীদের কাছে যায়। তবে আশ্চর্যজনক বিষয় হলো, এখনও কিউনিতে পর্যাপ্ত শিক্ষার্থী নেই যারা এই অনুদান পাচ্ছে।

## 'করোনার কথা' ও 'জন্ম থেকে জ্বলছি' প্রকাশনা অনুষ্ঠান ৫ জুন

**উত্তর আমেরিকা অফিস**



শিতাংশু গুহর লেখা বই 'করোনার কথা' এবং 'জন্ম থেকে জ্বলছি' প্রকাশনা অনুষ্ঠান হবে ৫ জুন রোববার সন্ধ্যা ছয়টায় জ্যাকসনন হাইটসের জুইস সেন্টার। এতে প্রধান অতিথি থাকবেন একুশে পদকপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ড. নুরন নবী। সভাপতিত্ব করবেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব বেলাল বেগ।

আলোচনা ও শুভেচ্ছা বক্তব্য রাখবেন সাবেক উপাচার্য ড. দুর্গাদাস ভট্টাচার্য্য, ড. সব্যসাচী ঘোষ দস্তিদার, সুনি ওল্ড ওয়েস্টবেরি ইউনিভার্সিটির প্রফেসর এমিরেটস ড. দ্বিজেন ভট্টাচার্য্য, ডাক্তার লেখক সুভাষ শিকদার, সাংবাদিক নিনি ওয়াহেদ, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদুল্ল্যাহ, প্রবীণ সাংবাদিক ফজলুর রহমান, মোহাম্মদ সালাহউদ্দিন, নবেন্দু দত্ত, রতন তালুকদার, সঞ্জীবন সরকার, হাকিকুল ইসলাম খোকন, উত্তম সাহা, মিঠুন আহমদ, মাহফুজুর রহমান, শাহ জে চৌধুরী, তোফাজ্জ্বল লিটন।

## ভালো কাজে উৎসাহ, মন্দকাজে নিন্দাই উত্তম

**উত্তর আমেরিকা অফিস**

আমেরিকায় মদিনার আলো এবং লাইট অব দ্য আর্থের প্রতিষ্ঠাতা সম্পাদক আলহাজ আব্দুল ওয়াহিদ টুপন বলেছেন, ভালো কাজে উৎসাহ এবং মন্দকাজে নিন্দা ও প্রতিবাদ করাই হলো উত্তম মানুষের লক্ষণ। ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে দেয়া সভাপতির বক্তৃতায় একথা বলেন তিনি।

মদিনার আলোর অন্যতম উপদেষ্টা মাওলানা মোহাম্মদ অলিউল্লাহ আতিকুর রহমানের পরিচালনায় ২১ মে এস্টোরিয়াসয় মদিনার আলো কার্যালয়ে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। মোহাম্মদ গোলাম মোস্তাফার পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হয় এই অনুষ্ঠান। প্রধান ছিলেন অতিথি মদিনার আলোর উপদেষ্টা গিয়াস আহমেদ। বিশেষ অতিথি ছিলেন বাংলা পত্রিকা এবং টাইম টিভির সিইও আবু তাহের।



**মদিনার আলো কার্যালয়ে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান।** ছবি: সংগৃহীত

বক্তব্য রাখেন মদিনার আলোর উপদেষ্টা হাজী আব্দুর রহমান, কমিউনিটির পরিচিত ব্যক্তিত্ব আবু তালেব চান্দু, মুজিবুর রহমান, মুক্তিযোদ্ধা মোহাম্মদ গিয়াস উদ্দিন, আব্দুল হামিদ, মিলিনিয়াম টিভির প্রতিনিধি মীর জাকির, আজহারুল ইসলাম, দেওয়ান কাওসার, সাংবাদিক সঈদ তারেক, সাইফুল ইসলাম, সামসুউদ্দীন শামীম লিটু।



# আনন্দবার্তা ইউএসএ'র রিভার ক্রুজ

**উত্তর আমেরিকা অফিস**

আনন্দবার্তা ইউএসএ'র আয়োজনে নিউইয়র্কে মনোমুগ্ধকর রিভারক্রুজ অনুষ্ঠিত হয়েছে।

২৮ মে শনিবার রিভার ক্রুজের উদ্বোধন করেন ডেমোক্র্যাটিক পার্টি ডিস্ট্রিক লিডার এট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী। আনন্দবার্তা ইউএসএ'র সিইও জাহাঙ্গীর আলম জয়ের পরিচালনায় রিভার ক্রুজের প্রধান অতিথি ছিলেন জেবিবিএ'র সভাপতি ও ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের চেয়ারম্যান গিয়াস আহমেদ। বিশেষ অতিথি ছিলেন জেবিবিএ'র সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের সভাপতি শাহ শহীদুল হক, রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট নুরুল আজিম, সারা হোম কেয়ারের সিইও শাহাজাদী পারভীন, আশা হোম কেয়ারের সিইও আকাশ রহমান, জেবিবিএ'র যুগ্ম সম্পাদক ও ব্লু গ্রীন ইন্সুরেন্সের সহ-সভাপতি মফিজুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুর রশিদ বাবু, কমিউনিটি অ্যাক্টিভিসবট ডিউক খান, মনি হোম কেয়ারের মনি আহমেদ।



**রিভার ক্রুজের উদ্বোধন করেন মঈন চৌধুরী।** ছবি: সংগৃহীত

# সিলেটে সদর থানা এসোসিয়েশনের ত্রাণ বিতরণ

**উত্তর আমেরিকা অফিস**

সিলেট সদর থানা এসোসিয়েশন অব আমেরিকা ইনকের উদ্যোগে বন্যার্ত মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। ২৭ মে শুক্রবার সিলেট নগরের ১০ নম্বর ওয়ার্ডের কলাপাড়া ডহর এলাকায় এই খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

সিলেট সদর থানা এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি আব্দুল মালেক খান লায়েক ও সাধারণ সম্পাদক আরসি টিটো আহমদের নেতৃত্বে এসোসিয়েশনের পক্ষ থেকে এ সময় শতাধিক মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন এম সি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক প্রবীর রায়, ব্যারিস্টার মোসতাকিম রাজা চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী মকসুদ খান, খাদ্য কর্মকর্তা আব্দুল আহাদ, সমাজসেবী গোলাম কিবরিয়া মাসুক, শেখ সুরুজ আলম, সহকারী প্রধান শিক্ষক আব্দুল্লাহ আল জাফর, সমাজসেবী সুহেল রানা, জহির খান, আবুল কালাম আজাদ, আহমদ রুবেল, নিজাম উদ্দিন, শমশের আহমদ, আল আমিন আহমদ।



**সিলেট শহরে সিলেট সদর থানা এসোসিয়েশনের ত্রাণ বিতরণ।** সংগৃহীত

# শিল্পাঙ্গনের বাংলা নববর্ষ উদযাপন

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কের সাংস্কৃতিক সংগঠন শিল্পাঙ্গনের উদ্যোগে ২২ মে রোববার লেভিটটাউন হলে মিলনায়তন চত্বরে দিনব্যাপী বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপিত হয়েছে। মহামারির পর এটিই ছিল নিউইয়র্কে সর্ববৃহৎ বাংলা নববর্ষ উৎসব।

বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। ঢোল ও অন্যান্য বাদ্যযন্ত্রের তালে তালে শিল্পী ও দর্শক অংশ নেন ঢাকার আদলে সাজানো এ মঙ্গল শোভাযাত্রায়। এরপর যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন শিল্পাঙ্গনের শিল্পীরা। পরিচালনায় ছিলেন বরেণ্য সঙ্গীতশিল্পী অনুপ বড়ুয়া। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের সাথে সাথে আনন্দলোকে মঙ্গলালোকে সঙ্গীতের মাধ্যমে মঞ্চে সাংস্কৃতিক পরিবেশনার উদ্বোধন করা হয়। শিল্পাঙ্গনের নববর্ষ অনুষ্ঠানের উদ্বোধন করেন মুক্তিযোদ্ধা, গীতিকার, সুরকার, কণ্ঠ ও চিত্রশিল্পী তাজুল ইমাম। তিনি শিল্পাঙ্গনের বাংলা সংস্কৃতিকে সমুন্নত রাখার প্রয়াসকে অভিনন্দন জানান। নববর্ষ উদযাপন পরিষদের আহ্বায়ক আহমেদ করিম নাসিম ও শিল্পাঙ্গনের সভাপতি আমর আশরাফ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

নববর্ষ অনুষ্ঠানে শিশু-কিশোরদের বাংলাদেশের প্রকৃতি ও ঐতিহ্য নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সোনিয়া হক, মাহবুব রশীদ, মৃধা জসীম আহমেদ করিম নাসিম, ও সাবরিনা মাহবুবের তত্ত্বাবধানে পরিচালিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন শিল্পী তাজুল ইমাম। নববর্ষ অনুষ্ঠানে শিল্পাঙ্গনের পরামর্শে নাসাউ কাউন্টি নির্বাহীর পক্ষ থেকে বিশেষ সম্মাননা দেয়া হয় তিন প্রজন্মের তিন প্রথিতযশা মুক্তিযোদ্ধা ও শিল্পী তাজুল ইমাম, প্রকৌশলী ও সমাজকর্মী মাহমুদুল হাসান এবং মেধাবী তরুণ পান্থ সাইয়েদ। আকতার কামালের সঞ্চালনায় নাসাউ কাউন্টির কর্মকর্তা গুণীজনদের হাতে সম্মাননা তুলে দেন।



**লেভিটটাউন হলে মিলনায়তন চত্বরে শিল্পাঙ্গনের বাংলা নববর্ষ উদযাপন অনুষ্ঠান।** ছবি: সংগৃহীত

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

TAX FILING 2021
WE DO ALL TYPES OF TAXES



আবু জামান
ম্যানেজার
Tel: 6462844776

CONTACT
KALIANNA LAKSHMANAN,CPA,PC
7232 BROADWAY,SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 646 4818369
Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



KALIANNA LAKSHMANAN
CPA,PC
Tel: 347-279-6001




আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

## ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন ।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

**World Travel and Vacation**
TRAVEL THE WORLD

**Mohammad Hossain**
*President*
214.714.3110 (24/7)
1901 Knightsbridge Rd, Farmers Branch, TX-75234
Mohammad.benu@gmail.com

**ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্থতার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।**

## চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

**যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।**

**যোগাযোগ সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১**

## অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া : 700 যোগাযোগ : 646-645-9830

## হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক । **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন** । দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন ।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

## জরুরী পাত্রী চাই

আমেরিকার সিটিজেন, বিএসসি এমএসসি আমেরিকা থেকে, আমেরিকার (টপ)বৃহত্তর ব্যাংকে উচ্চপদে চাকুরিরত শিক্ষিত পরিবারে (34, 5'7") Never Married, পাত্রের উপযুক্ত পাত্রী চাই সরাসরি +1 (917) 541-8895, +8801644971287 (WhatsApp+Viber) kanalyst2020@gmail.com

## পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email : drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

## পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত আমেরিকার নাগরিক ৪৮+ বয়সী মুসলিম পাত্রের জন্য মার্জিত, ধার্মিক ৩০-৩৮ বয়সী আমেরিকায় বসবাসকারী পাত্রী চাই। পাত্রের শর্ট-ডিভোর্স আছে। যোগাযোগ : ৬৪৬-৪৯৬-৬৮৭৯

## জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ : (718) 524-9777, everlybrown@yahoo.com

## মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ : desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

## পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি :সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

## পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫''৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ : 732-595-2602। Email : kanalyst2020@gmail.com

## পাত্র চাই

নিউইয়র্কে জন্মগ্রহণকারী বয়স ৩২ ব্যাংকে উচ্চপদে কর্মরত লম্বা, সুন্দরী পাত্রীর জন্য পাত্র চাই। পাত্রের বায়োডাটা ছবিসহ যোগাযোগ করুন। mhpatwa@gmail.com

## পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা - কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। **যোগাযোগ- 13475538417**

## পাত্রী চাই

পাত্র সিটিজেন ৫/৬ ইঞ্চি,ধার্মিক মধ্যবিত্ত পরিবারের ধার্মিক হিজাব পড়া সুন্দরী পাত্রী চাই। যোগাযোগ : 929-422-8642

## Groom wanted

US citizen,Bangladeshi Muslim girl,35 Optometrist, looking for someone residing in US, 35-38, good education/career. Tel :202-386-5401

প্রথম আলো
Prothom Alo North America



বিদায় অনুষ্ঠানে আবুল হোসেন (মাঝে)। ছবি: সংগৃহীত

# ‘কাগজবিহীন’ এক হিরোর গল্প

**জাহেদ আহমদ**

৩৩ বছর পর আমেরিকা ছেড়ে একেবারে দেশে চলে যাচ্ছেন সিলেটের বিয়ানীবাজার উপজেলার বৈরাগী বাজারের সন্তান আবুল হোসেন। আমেরিকায় বৈধভাবে থাকার ব্যবস্থা তাঁর হয়নি। সেই অর্থে তিনি ‘কাগজবিহীন’। তবুও ২৭ মে শুক্রবার সন্ধ্যায় ওজোন পার্কে তাঁর বিদায় অনুষ্ঠানে বহু মানুষ জড়ো হয়েছিলেন। নিউইয়র্কের বাইরে থেকেও অনেকে এসেছিলেন। নবীন, প্রবীণ, যুবা সবাই ছিলেন সেখানে। ছিলেন বিয়ানীবাজার এবং বাইরের অনেক বিশিষ্টজন। সবার বর্ণনায় ফুটে উঠল আবুল হোসেন ধার্মিক, সৎ, বিশ্বাসী, মার্জিত আচরণের অতিসজ্জন মানুষ। তথাপি আগত শ্রোতাদের উল্লেখযোগ্য একটি অংশ ছিলেন আমার মতো, যাঁরা আবুল হোসেনকে চেনেন ভালো মানুষ হিসেবে। কিন্তু তাঁর সম্পর্কে বিস্তারিত জানতেন না। তাঁরা মুগ্ধ হয়ে অন্যদের বর্ণনায় শুনেছেন একজন ‘কাগজ বিহীন’ আবুল হোসেনের সাফল্য, মহানুভবতা আর পরোপকারের গল্প।

স্মৃতিচারণ যাঁরা করলেন তাঁদের মধ্যে সহকর্মী, বন্ধুবান্ধব ছাড়াও ছিলেন আমেরিকায় স্থায়ীভাবে বসবাসরত আবুল হোসেনের এলাকার কয়েকজন যুবক যাঁরা ছোটবেলায় মাইনর হিসেবে এদেশে এসেছিলেন। প্রকৃত বাবা-মার অনুপস্থিতিতে আমেরিকাতে আবুল হোসেন এঁদের অভিভাবকত্বের দায়িত্ব পালন করেছেন। নিজের কাছে রেখে সন্তানের মতো দেখভাল করেছেন। ‘সিঙ্গেল বেডরুমে ১১জনও থেকেছি’ কথায় কথায় জানালেন। এ রকম কতজনকে আপনি সাহায্য করেছিলেন?— অনুষ্ঠানের পরদিন ফোনে আলাপচারিতায় তাঁর কাছে জানতে চেয়েছিলাম। অন্তত বিশ জন— জানালেন।

দুই ছেলে, দুই মেয়ের বাবা আবুল হোসেন ১৯৮৯ সালে ভিজিট ভিসায় আমেরিকা আসেন একা। তাঁর বড় ছেলের বয়স ছিল মাত্র ছয় মাস। পরে এই ছেলেকেও এদেশে আনার ব্যবস্থা করেন। আমেরিকা থেকে কলেজ পাস তাঁর সেই যুবক সন্তান উপস্থিত ছিলেন বিদায় অনুষ্ঠানে। পিতার প্রতি মানুষের ভালোবাসা তাঁকে আপ্লুত করেছিল, যা তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বোঝা গেছে। শ্রোতাদের মধ্যে আরও উপস্থিত ছিলেন আবুল হোসেনের দুই ভাই যাঁদেরকে তিনি আমেরিকা এনেছেন। দুই ভাই এখন সপরিবারে এদেশে স্থায়ীভাবে বসবাস করছেন।

আমেরিকায় অনেকের মতো কঠিন জীবন সংগ্রামের মুখোমুখি হতে হয়েছে আবুল হোসেনকেও। প্রথম বছর দেড়েক রেস্টুরেন্টে কাজ করেছেন। তারপর কয়েক বছর ব্যবসা। ২০০৬ সাল থেকে ট্যাক্সি চালাচ্ছেন। ‘দুই নম্বর পন্থায় অনেক কিছু করতে পারতাম, কিন্তু আমার মন সায় দেয়নি’— আমায় বললেন।

কয়েক দশক আগে আগে আবুল হোসেন বৈরাগী বাজারে প্রথম কিন্ডারগার্টেন স্কুল প্রতিষ্ঠা করেছিলেন। এলাকার মানুষের জন্য বড় পরিসরে কিছু করার চিন্তা তাঁর মাথায় ছিল। সেই সুযোগ এলো বিয়ানীবাজারের সন্তান নুরুল ইসলাম নাহিদ শিক্ষামন্ত্রী হওয়ার পর। আবুল হোসেন উদ্যোগ নিয়ে প্রতিষ্ঠা করলেন বৈরাগী বাজার আইডিয়াল কলেজ। বেশ ক’বছর শিক্ষকদের বেতন দিতেন আমেরিকা ও ইংল্যান্ডে বসবাসরত বৈরাগী বাজার এলাকার প্রবাসীরা। শিক্ষামন্ত্রী পরে কলেজটিকে এমপিওভুক্ত করে দেন। তিনি বলেন, ‘নাহিদ ভাই সে সময় ক্ষমতায় না থাকলে কলেজ প্রতিষ্ঠা করে টিকিয়ে রাখা অসম্ভব হয়ে যেত।’

তাঁকে জিজ্ঞেস করলাম, ‘আবুল ভাই, এত বছর পর দেশে যাচ্ছেন। আপনি হ্যাপি, নাকি স্যাড?’ জবাবে তিনা বললেন, ‘একদিকে খুব আনন্দ হচ্ছে এতগুলো বছর পর সুস্থ শরীরে স্ত্রী-সন্তানদের কাছে ফিরছি। আমার মা এখনও বেঁচে আছেন। আবার খারাপও লাগছে নিউইয়র্ক ছেড়ে যেতে।’

বিদায় অনুষ্ঠানে কয়েক জন বক্তা ইচ্ছা প্রকাশ করলেন যে আবুল হোসেনকে বৈরাগীবাজার ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে দেখতে চান। আমি তাঁকে জিজ্ঞেস করলে তিনি জানান, জনপ্রিতিনিধি হওয়ার কোনো খায়েশ নেই তাঁর। তবে দেশে গিয়ে এলাকায় একটি গার্লস স্কুল করার ইচ্ছা আছে।

এই কলেজ থেকে প্রতিবছর পাস করে বের হচ্ছে কয়েক ডজন ছেলেমেয়ে, তারা দেশে-বিদেশে সুনাম ছড়াবে এই প্রতিষ্ঠানের। এটা কি কম পাওয়া? এরকম অর্জন আমেরিকান সিটিজেন বা লিগেল কাগজধারী কজন মানুষের ঝুলিতে আছে? এতগুলো বছর পরও লিগ্যাল হতে পারলেন না, সেজন্য মনে দুঃখ নেই?— জানতে চাইলাম। তিনি বলেন, ‘না, একদম নেই।’ অবাক হলাম না। অভিনন্দন আবুল হোসেন ভাই।

## বর্ণমালা স্কুলের কার্যকরী ব্যবস্থাপনা পর্ষদ গঠন

**সুবীর কাস্মীর পেরেরা**

বর্ণমালা স্কুলের কার্যকরী ব্যবস্থাপনা পর্ষদ গঠন করা হয়েছে। ২১ মে শনিবার বর্ণমালা স্কুলের বার্ষিক সভা ও নতুন কার্যকরী ব্যবস্থাপনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হয়।

নাজনীন আখতারের সভাপতিত্বে বিগত বছরের আয়-ব্যয় তুলে ধরা হয়। বর্ণমালা স্কুলের উপদেষ্টা পরিষদের তৌফিক মতিন এবং আসাদুজ্জামান ২০২২-২৩ সালের নির্বাচিত নতুন কার্যকরী ব্যবস্থাপনা পর্ষদের নাম ঘোষণা করেন।

২০২২-২৩ সালের নির্বাচিত নতুন কার্যকরী ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি হিসেবে রোহিতোষ মণ্ডল, ফিরোজ হোসেন- সাধারণ সম্পাদক ও মহসিন রুবেল ট্রেজারার নির্বাচিত হন।

# বর্ণমালা স্কুল ও কলেজের সম্মাননা প্রদান

**উত্তর আমেরিকা অফিস**

প্রথমবারের মতো বর্ণমালা স্কুলের প্রাক্তন ৬ ছাত্রছাত্রীকে ২০২২ সালের স্কুল ও কলেজ গ্রাজুয়েশনের জন্য টিম বর্ণমালার পক্ষ থেকে সম্মাননা ও ক্রেস্ট প্রদান করা হয়।

২২ মে শনিবার বর্ণমালা স্কুলের উপদেষ্টা তৌফিক মতিন (কমনওয়েলথ মর্টগেজ) ও আসাদুজ্জামান (আইডিয়া টেক সল্যুশন) স্কুল ও কলেজ গ্রাজুয়েশন ছাত্রছাত্রীদের হাতে এ সম্মাননা ও ক্রেস্ট তুলে দেন। সম্মাননা ও ক্রেস্টপ্রাপ্তরা হলো সাদিয়া শ্রাবণী, সুমাইয়া স্মরণী, মাইশা আলম, মাইশা ফারজানা, অবন্তিকা শর্মা ও আরিবা হোসেন। বর্ণমালার পক্ষ থেকে নাজনীন আখতার, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বর্ণমালা স্কুলের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তোমাদের দ্বারা আজ বর্ণমালা স্কুল এই এলাকার একটি সাংস্কৃতিক-সামাজিক সংগঠন হিসেবে সাফল্য বয়ে এনেছে, ঠিক তেমনি যেন তোমাদের ভবিষ্যৎ জীবনে একেকজন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে পার এবং টিম বর্ণমালার পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা প্রদান করে হবে।



**বর্ণমালা স্কুলের প্রাক্তন ৬ ছাত্রছাত্রীকে সম্মাননা প্রদান অনুষ্ঠান।** ছবি: সংগৃহীত

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরেড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002



ডাঃ উৎপল চৌধুরী

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে ‘কন্ডিশন’ রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু ‘রাস্তা’ খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

সেমিবেসমেন্ট ভাড়া

হলিসে ১৯৬ স্ট্রীটে প্রাইভেট হাউজে সেমিবেসমেন্টে ৩টি রুম আলাদা করে ব্যাচেলারের কাছে ভাড়া হবে। বাথরুম দুটি। বাসাটি এখন খালি আছে। চাইলে এখনই ভাড়া নেয়া যাবে। বাসার কাছে কিউ-২, কিউ-৩ বাস ও লংআইল্যান্ডরেল রোড কাছে। যোগাযোগঃ929-424-8947, 347-484-4619

ফ্রি হোম কেয়ার সার্ভিস

যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।

যোগাযোগ করুন
নাসিমা : ৩৪৭-৮০১-৪০২৮



**গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অব নিউজার্সির অভিষেক অনুষ্ঠান।** ছবি: নুরুল হক

# গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরামের অভিষেক

**উত্তর আমেরিকা অফিস**

গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অব নিউজার্সির ঈদ পুনর্মিলনী ও অভিষেক হলো প্যাটার্সনের ফায়ারম্যান হলে।

২৯ মে রোববার নিউজার্সিসহ আশপাশের রাজ্য থেকে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার বিপুল সংখ্যক নারী-পুরুষ এই অনুষ্ঠানে যোগ দেয়। অথিতিদের নিয়ে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি জর্জিয়া ইউনিভার্সিটির ভিজিটিং প্রফেসর ডা. মনসুর চৌধুরী। সংগঠনের সাধারণ সম্পাদক সুমন আহমদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সভাপতি মাসুম রহমান। বিশেষ অতিথি ছিলেন প্যাটার্সন নগরের মেয়র এন্ডরে সায়েন, প্রসপেক্ট পার্ক শহরের মেয়র মোহাম্মদ টি খায়রুল্লাহ, প্যাটার্সন থেকে নির্বাচিত প্রথম বাংলাদেশি কাউন্সিলম্যান অ্যাট লার্জ ফরিদ উদ্দিন, কাউন্সিলম্যান শাহিন খালিক, ফ্র্যানক্লিন টাউনশিপের কাউন্সিলউওম্যান শেপা উদ্দিন, সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোহাম্মদ টেপন, প্রথম আলো উত্তর আমেরিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরী, জননেতা এবং সংগঠনের উপদেষ্টা ফয়জুর রহমান, বাংলা পত্রিকা ও টাইম টিভির সিইও আবু তাহের, উপদেষ্টা নুরুল ইসলাম খসরু।

প্রধান অতিথি ড. মনসুর চৌধুরী বলেন, আমেরিকার সমাজে আমাদের নতুন প্রজন্মের উত্থানের মধ্যদিয়েই প্রবাসে বাংলাদেশেকে তুলে ধরা হবে।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
পারসনাল ট্যাক্স
বিজনেস ট্যাক্স
সেলস ট্যাক্স
বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
ফ্যামিলি পিটিশন
সিটিজেনশীপ আবেদন
গ্রীণকার্ড নবায়ন
সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
-Emirates -Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার
Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।
ultra mobile · SIMPLE Mobile · h2o · T-Mobile · univision mobile · Lycamobile
Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা
Our Services
Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
Car Accidents
Medical Mal Practice
Accident in Construction
Lead Poisoning
Slip and Fall
Dental Mal Practice
Immigration all kinds & Green Card via employment & Investments
Real Estate & Business Closings
Non payment or no over time payment
Will, Trust and Estate Planning
Bankruptcy, Landlord-Tenant
Family Matter-Divorce
All Civil Matters
"Prior results do not guarantee a similar outcome"
New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London
LL.M, USA. Attorney-At-Law, NY
Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com
বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney
REAL ESTATE SALESPERSONS
MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
DR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

## দ্যাগ হ্যামারশোল্ড মেডেল পেলেন বাংলাদেশি দুই শান্তিরক্ষী

**রওশন হক**

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা বলেছেন, "শান্তিরক্ষীদের আত্মত্যাগ শুধু শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করে যেতে আমাদের সংকল্পকে শক্তিশালী করে।"

২৬ মে বৃহস্পতিবার জাতিসংঘ সদরদপ্তরে আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবসে কর্তব্যরত অবস্থায় আত্মোৎসর্গকারী শান্তিরক্ষীদের মরণোত্তর দ্যাগ হ্যামারশোল্ড মেডেল প্রদান অনুষ্ঠানে একথা বলেন তিনি। কর্তব্যরত অবস্থায় আত্মোৎসর্গকারী বাংলাদেশি দুই শান্তিরক্ষী মেজর একেএম মাহমুদুল হাসান ও ল্যান্স কর্পোরাল মো. রবিউল মোল্লা এ মেডেল পান। মেজর একেএম মাহমুদুল হাসান সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকে নিয়োজিত মিনুসকা মিশনে এবং ল্যান্স কর্পোরাল মো. রবিউল মোল্লা দক্ষিণ সুদানে নিয়োজিত আনমিস মিশনে কর্তব্যরত অবস্থায় নিহত হন। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেজের কাছ থেকে বাংলাদেশের পক্ষে এ মেডেল গ্রহণ করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। এসব মেডেল নিহত বাংলাদেশি দুই শান্তিরক্ষীদের পরিবারের কাছে পৌঁছে দেয়া হবে।

এবারের আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবসে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে কর্তব্যরত অবস্থায় আত্মোৎসর্গকারী ৪২টি দেশের ১১৭ শান্তিরক্ষীকে বিশ্ব শান্তিরক্ষায় সর্বোচ্চ ত্যাগের জন্য দ্যাগ হ্যামারশোল্ড মেডেল প্রদান করা হয়।

## লটারির দশ মিলিয়ন ডলার ভোগ করা হলো না

**আবদুস শহীদ**

লটারিতে ১০ মিলিয়ন ডলার পেয়েও এ জীবনে তা আর ভোগ করা হবে না আমেরিকার নর্থ ক্যারোলাইনার এক ব্যক্তির। মাইকেল টড হিল (৫৪) নামে এ ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে নিরর্থ ক্যারোলাইনার এক আদালত। মেয়েবন্ধুকে গুলি করে হত্যার অভিযোগে কারাদণ্ড পাওয়া মাইকেল হিলকে প্যারোলেও মুক্তি না দেয়ার শর্তসহ যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়েছে।

২৭ মে মাইকেলের বিরুদ্ধে আদালতের রায় ঘোষিত হয়েছে। ২০১৭ সালের আগস্টে একটি স্ক্রেচঅফ লটারি কিনে ১০ মিলিয়ন ডলার জিতেছিলেন মাইকেল।

তদন্তে জানা যায়, ২০২০ সালের ২০ জুলাই থেকে ক্যানোনা গ্রাহাম নামের ২৩ বছর বয়সী এক নারীকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। পরে একটি হোটেলে তাকে গুলিবিদ্ধ অবস্থায় মৃত পাওয়া যায়। ক্যানোনা গ্রাহামকে হোটেল কক্ষে গুলি করে হত্যা করেছিলেন মাইকেল হিল।

# পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন

**টেক্সাসে স্কুলে গুলি**

**রহমান মাহবুব**

টেক্সাসে স্কুলের গুলির ঘটনায় পরিস্থিতি নিয়ন্ত্রণে ভুল স্বীকার করেছে পুলিশ। ক্লাসরুম থেকে শিশুরা সাহায্যের জন্য বার বার ৯১১কল করেছে। ২৪ মে মঙ্গলবার উভাল্ড এলেমেন্টারি স্কুলে যখন হামলা করে বন্দুকধারী, তখন ১৯ জন পুলিশ সদস্য স্কুলের ভেতরে যান। ফোর্থ গ্রেডের যে ক্লাসরুমের দরজা বন্ধ করে বাচ্চাদের ওপর গুলি করছে বন্দুকধারী, সেই রুমের বাইরের হলওয়েতে পুলিশের দলটি ৪৫ মিনিটের বেশি সময় অপেক্ষা করেছে। তারা দরজা ভেঙ্গে ভেতরে ঢুকে শিশুদের বাঁচানোর চেষ্টা করেনি।

রাজ্য গভর্নর গ্রেগ অ্যাবট ২৭ মে শুক্রবার বিকেলে বলেন, "তিনি চরম লজ্জিত।" তিনি উভাল্ডের এলেমেন্টারি স্কুলে বন্দুকধারীর গুলিতে শিশু-কিশোর নিহত হওয়ার সময় পুলিশের ভূমিকা নিয়ে তাঁর আগের বক্তব্য ভুল প্রমাণিত হওয়ায় লজ্জিত হয়েছেন।

গভর্নর অ্যাবট আইন প্রয়োগকারী সংস্থার প্রশংসা করে বলেছিলেন, পরিস্থিতি আরও খারাপ হতে পারতে। পুলিশের সাহসী ভূমিকার কারণে আরও প্রাণহানি থেকে রক্ষা হয়েছে। কিন্তু পুলিশের ভুল সিদ্ধান্তের কারণে এত প্রাণ ঝরে গেল।

নিউজ কনফারেন্সে গভর্নর অ্যাবট বলেন, যেসব কর্মকর্তা সে সময়ে ঘটনাস্থলে ছিলেন এবং ৯১১ কলের সাথে জড়িত ছিলেন, তাদের সবার ভূমিকার বিষয়ে তদন্ত করছে এফবিআই এবং টেক্সাস রেন্‌জারস। একইদিন দুপুরে অন্য আরেকটি নিউজকনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। তাতে টেক্সাস রাজ্যের জননিরাপত্তা বিভাগের পরিচালক স্টিভেন মিকগ্রো সাংবাদিকদের প্রশ্নবানে জর্জরিত হন। প্রশ্নের উত্তরে তাঁকে উত্তর খোজতে হিমশিম খেতে দেখা গেছে। মিকগ্রো বলেন, "শ্রেণীকক্ষের বাইরে ১৯ জন পুলিশ অফিসার দাঁড়িয়ে ছিলেন। অন-সাইট কমান্ডার ডিস্ট্রিক্ট পুলিশ চিফ পিট আরেদন্দ মনে করেছিলেন, "ভেতরে বাচ্চাদের ওপর কোন হুমকি নেই।" তিনি প্রায় এক ঘণ্টা অপেক্ষা করছিলেন। দরজা ভেঙ্গে ভেতরে ঢুকে বাচ্চাদের বাঁচানোর চেষ্টা করেননি। অথচ ওই সময়ের মধ্যে অন্তত ৮ বার বাচ্চারা ৯১১ কল করেছে। এক ছাত্রী গুলিতে নিহত তাদের শিক্ষকের মোবাইল ফোন নিয়ে ৯১১ কল করেছে। উদ্ধারের আকুতি জানিয়েছে। প্রথম ৯১১ কলটি ৪৫ মিনিট দীর্ঘ ছিল। ফোনে অপারেটর গুলির আওয়াজ শুনছিলেন। একটি মেয়ে ১২ টা ৩ মিনিটে ৯১১ করে বলেছে, "৮-৯ বাচ্চা এখনও জীবিত, হলওয়েতে পুলিশ অফিসারদের কথাবার্তা শোনা যাচ্ছে।" ক্লাসমেটদের গুলি করা হচ্ছে বলে জানিয়েছে। ৯১১ কলগুলো রিলে করে ওখানে থাকা ১৯ পুলিশ অফিসারদের রেডিওতে প্রচারিত কেন হলো না— এ নিয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে কোনো উত্তর দিতে পারেননি স্টিভেন মিকগ্রো।



# জালালাবাদ এসোসিয়েশনের নির্বাচন ৫ জুন

**বিশেষ প্রতিনিধি**

যুক্তরাষ্ট্রে বৃহত্তর সিলেটবাসীর ঐতিহ্যবাহী সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার নির্বাচন ৫ জুন রোববার। নির্বাচনে ভোটারের সংখ্যা ১১ হাজার ৯২। এবার সংগঠনটির পাঁচটি পদে নির্বাচন হচ্ছে। বাকি ১৪টি পদে প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত সবাই বদরুল-ময়নুল পরিষদ থেকে প্রার্থী ছিলেন। পাঁচটি পদের জন্য লড়ছেন বদরুল-ময়নুল পরিষদ থেকে সভাপতি পদে সংগঠনের সাবেক সভাপতি বদরুল খান। তিনি দু'দফা এ সংগঠনের সভাপতি হিসেব দায়িত্ব পালন করেছেন। সাধারণ সম্পাদক পদে এসোসিয়েশনের বর্তমান কোষাধ্যক্ষ মইনুল ইসলাম, সহ-সভাপতি (সিলেট জেলা) পদে লুকমান হোসেন, কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ আলিম এবং সাংগঠনিক সম্পাদক পদে ইফজাল চৌধুরী।

স্বতন্ত্রভাবে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক ছানু। তিনি বিয়ানীবাজার সমিতির সাবেক প্রেসিডেন্ট হিসেবে ভোটারদের কাছে ব্যাপকভাবে পরিচিত। সাধারণ সম্পাদক পদে সাইকুল ইসলাম, সহ-সভাপতি (সিলেট) শাহ মিজানুর রহমান, কোষাধ্যক্ষ-মিসবা উদ্দিন আহমেদ এবং সাংগঠনিক ও সাদস্যিক পদে শহীদুল হক। বৃহত্তর সিলেটের চারটি জেলার ৩৯ থানার বাসিন্দারা ভোট দিয়ে থাকেন এই নির্বাচনে। তিন রাজ্যজুড়ে ভোটগ্রহণ হবে। এজন্য নিউইয়র্কে তিনটি এবং নিউজার্সি ও পেনসিলভেনিয়ায় একটি করে মোট ৫টি ভোটকেন্দ্র করা হয়েছে। এ নির্বাচনকে ঘিরে শুধু সিলেট অঞ্চলের নয়, প্রবাসী পুরো বাংলাদেশি কমিউনিটিতেই সৃষ্টি হয়েছে কৌতুহল। ভোটাররা হিসেব করছেন, কাকে ভোট দিলে সংগঠন বেশি গতিশীল হবে। কারা জালালাবাদবাসীর বহুদিনের স্বপ্নের একটি স্থায়ী ভবন তৈরি করে দেবেন। জালালাবাদবাসীর মতে, বিয়ানীবাজারবাসী যেদিকে, জয়ের পালও সেদিকেই ওড়ে। তাই বিয়ানীবাজারে যারা মজবুত ঘাঁটি তৈরি করতে সক্ষম হবেন তারাই বিজয়ের পতাকা ওড়াতে পারবেন বলে মনে করা হচ্ছে। এই নির্বাচনে প্যানেল ভিত্তিতে প্রতিদ্বন্দ্বিতা করছে বদরুল-ময়নুল পরিষদ।

তারা দলবদ্ধভাবে প্রচারে নেমে সর্বত্র ছুটে বেড়াচ্ছেন, সভা-সমাবেশ, মতবিনিময় করছে, সবার কাছে ভোট প্রার্থনা করছে। এই স্বতন্ত্র প্রার্থীরাও চষে বেড়াচ্ছেন নির্বাচনী ময়দান।



বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির সভা। ছবি: সংগৃহীত

# বাংলাদেশে সোসাইটির সম্ভাব্য নির্বাচন ২৬ জুলাই

**উত্তর আমেরিকা অফিস**

বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি, ট্রাস্টি বোর্ড এবং নির্বাচন কমিশনের যৌথ সভা ২৫ মে বুধবার বিকেলে সংগঠনের নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম আজিজ। সভা পরিচালনা করেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার এবং সাধারণ সম্পাদক মো. রুহুল আমিন সিদ্দিকী। যৌথ সভায় বাংলাদেশ সোসাইটি ইনকের ১৪ নভেম্বরের নির্বাচন আদালতের নির্দেশে স্থগিত, বিভিন্ন বিষয় নিয়ে সোসাইটির বিরুদ্ধে মামলার উদ্ভূত পরিস্থিতি, পরবর্তী করণীয় এবং সার্বিক পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনা হয় । এসময় সোসাইটির স্থগিত নির্বাচন আগামী ২৬ জুলাই মঙ্গলবার পুনঃতফসিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে যদি বিশেষ কোনো কারণে ঐদিন নির্বাচন না করার যায় তবে পরবর্তী মঙ্গলবার ২ আগস্ট নির্বাচন করার ব্যাপারে ট্রাস্ট বোর্ড এবং কার্যকরী পরিষদ নির্বাচন কমিশনকে যথাযথ পদক্ষেপ নেয়ার অনুরোধ জানায়।

নির্বাচন কমিশন ট্রাস্টি বোর্ড ও কার্যকরী পরিষদের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে কার্যকরী পরিষদ এবং ট্রাস্টি বোর্ডের কাছে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনা করতে সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এবং নির্বাচন কমিশনের চেয়ারম্যান জামাল উদ্দিন জনি, ট্রাস্টি বোর্ডের সদস্য আজিমুর রহমান বোরহান, প্রফেসর দেলোয়ার হোসেন, আব্দুল হাসিম হাসনু, ওয়াসি চৌধুরী, শরাফ সরকার ও মোস্তফা কামাল পাশা বাবুল, নির্বাচন কমিশনের সদস্য আব্দুল হাকিম মিয়া, আনোয়ার হোসেন, কাওসারুজ্জমান ও রুহুল আমীন সরকার, সহ-সাধারণ সম্পাদক এম কে জামান, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, সাংস্কৃতিক সম্পাদক মনিকা রায়, প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক নাদির এ আইয়ুব, স্কুল ও শিক্ষা সম্পাদক আহসান হাবিব, ফারহানা চৌধুরী, মঈনুল উদ্দিন মাহবুব, সাদী মিন্টু ও আবুল কাশেম চৌধুরী।

# আবেদনের সময় বৃদ্ধি

**যুক্তরাষ্ট্রে ফুলব্রাইট বৃত্তি**

**বিশেষ প্রতিনিধি**

যুক্তরাষ্ট্রে ফুলব্রাইট বৃত্তি নিয়ে যুক্তরাষ্ট্রে পড়ার সুযোগ পেতে আবেদনের সময় বাড়ানো হয়েছে। ওয়াশিংটন ডিসি সময় ৩০ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত এই বৃত্তির জন্য আগ্রহী বাংলাদেশি শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

এর আগে এই বৃত্তির জন্য আবেদনের শেষ সময় ছিল ১ জুন পর্যন্ত। ঢাকার মার্কিন দূতাবাস তাদের ওয়েবসাইটে দেয়া এক বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে।

বিদেশি শিক্ষার্থীদের জন্য ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রাম ২০২৩-২৪ সেশনে অনুদান প্রদানের ঘোষণা দেয় ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাসের আমেরিকান সেন্টার। ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস এ বছরের ফুলব্রাইট ভিজিটিং স্কলার প্রোগ্রামের আওতায় যুক্তরাষ্ট্রে পূর্ণ অর্থায়নে অধ্যয়নের জন্য অনুদান প্রদানের আবেদন গ্রহণ করছে। এ শিক্ষা কার্যক্রমের আওতায় স্নাতক ডিগ্রিধারী শিক্ষার্থী ও তরুণ পেশাজীবীরা সম্পূর্ণ বিনা খরচে যুক্তরাষ্ট্রে তাঁদের স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের সুযোগ পান। এই কার্যক্রমে অংশ নেয়ার জন্য অগ্রাধিকারপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে রয়েছেন বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কনিষ্ঠ অনুষদ সদস্য, সরকারি ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, বুদ্ধিবৃত্তিক সংগঠন ও এনজিওতে কর্মরত কনিষ্ঠ থেকে মধ্যপর্যায়ের কর্মকর্তারা।

ঢাকার আমেরিকান দূতাবাসের বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পাঠ্যক্রম প্রণয়ন, হেলথ অ্যান্ড মেডিকেল সায়েন্স, বায়োলজিক্যাল অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস, সোশ্যাল সায়েন্সেস, হিউম্যানিটিস, বিজনেস, ইকোনোমিক্স, পাবলিক পলিসি, এনভায়রনমেন্টাল সায়েন্সেস, আরবান প্ল্যানিং দ্য আর্টস, সাইকোলজি ও সিকিউরিটি স্টাডিজ বিষয়ে ডিগ্রি অর্জনে ফুলব্রাইট বৃত্তি দেয়া হবে।



# ব্রঙ্কস বাংলাদেশি সিভিল সার্ভিস অ্যালায়েন্সের ঈদ পুনর্মিলনী

**উত্তর আমেরিকা অফিস**

ব্রঙ্কস বাংলাদেশি সিভিল সার্ভিস অ্যালায়েন্সের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।

২৮ মে শনিবার খলিল পার্টি হলে ব্রঙ্কসে বসবাসরত সিটি, স্টেট ও ফেডারেল জবে নিয়োজিত অফিসাররা এতে যোগ দেন। এনওয়াইপিডি অফিসার মাহবুবুর জুয়েল, সিনিয়র ডিটেকটিভ অফিসার মাসুদ রহমান ও কারেকশন অফিসার কাজী হাসানের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন এনওয়াইপিডির ক্যাপ্টেন মিলাদ খান ও নিউইয়র্ক সিটি মেয়রের নিরাপত্তা টিমের সদস্য ও বাপার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এরশাদ সিদ্দিকীসহ ব্রঙ্কস বাংলাদেশি সিভিল সার্ভিস অ্যালায়েন্সের কর্মকর্তারা। এছাড়া ছিলেন কমিউনিটি নেতা মোহাম্মদ এন মজুমদার, মির্জা মামুনুর রশীদ, সামাদ মিয়া জাকের, এ ইসলাম মামুন, মঞ্জুর চৌধুরী জগলুল। অনুষ্ঠানের শুরুতে এমওএস পরিবারের সব সদস্যকে পরিচয় করিয়ে দেয়া হয়। অনুষ্ঠানে বেশ কয়েকজন অফিসার তাদের সংগ্রামী জীবনকাহিনী তুলে ধরেন।



**খলিল পার্টি হলে ব্রঙ্কস বাংলাদেশি সিভিল সার্ভিস অ্যালায়েন্সের ঈদ পুনর্মিলনী।** ছবি: সংগৃহীত

ক্যাপ্টেন মিলাদ খান বলেন, শুধুমাত্র নিউইয়র্ক সিটিতে প্রায় তিন লাখ জব খালি রয়েছে। এর মধ্যে এমন অনেক জব রয়েছে যার জন্য হাইস্কুল ডিপ্লোমারও প্রয়োজন নেই। যে কেউ এখনই এই সুযোগ গ্রহণ করতে পারেন। তিনি এ ব্যাপারে মেম্বার অব সিভিল সার্ভিস অ্যালায়েন্সকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আহ্বান জানান।

এরশাদ সিদ্দিকী বলেন, এই সংগঠনের মাধ্যমে নতুন নতুন সব জবের খবর দিয়ে মানুষের অনেক উপকার করতে পারে। জনকল্যাণমূলক অনেক কাজ করারও সুযোগ রয়েছে।

# আমেরিকায় আবারও গোলাগুলি

**প্রথম পৃষ্ঠার পর**

এতে চারজনের মৃত্যুর কথা জানানো হয়। তবে পুলিশ জানায়, এ ঘটনায় বন্দুকধারীও মারা গেছে। বন্দুকধারী পুলিশের গুলিতে মারা গেছে কিনা সেটি এখনও নিশ্চিত হওয়া যায়নি। পাঁচজন নিহত হওয়ার সংবাদ প্রচার করা হলেও টুলসা পুলিশ এখনও বন্দুকধারীর পরিচয় প্রকাশ করেনি।

ন্যাটালি মেডিকেল ভবনটি অর্থোপেডিক্স চিকিৎসা ও ব্যামাগার হিসেবে ব্যবহার হচ্ছিল বলে জানা যায়। পুলিশ জানায়, তারা জরুরি ফোন কল পেয়ে দ্রুত ঘটনাস্থালে পৌঁছে। ভবনটির দোতলায় পৌঁছে চারজনসহ বন্দুকধারীকে মৃত অবস্থায় পায়। ওকলাহামা রাজ্য গভর্নর স্টিট এক বিবৃততে বন্দুকধারীর এ হামলাকে কাণ্ডজ্ঞানহীন বলে উল্লেখ করেছেন। জনগণকে শোকের এসময় একতাবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

পুলিশ হাসপাতাল এলাকার অদূরে একটি স্কুলে সবাইকে সমবেত হওয়ার নির্দেশ দিয়েছে। বিপুল সংখ্যক পুলিশ এলাকাটি ঘিরে রেখেছে। নগর পুলিশ জানায়, গোলাগুলির ঘটনা একজন ব্যক্তির কাজ বলে তারা মনে করছে। বন্দুকধারী নিহত হওয়ার ফলে এই মুহূর্তে স্থানীয় জনগণের জন্য নিরাপত্তার কোনো হুমকি বিরাজ করছে না।

আগের দিন মঙ্গলবার লুইজিয়ানা অঙ্গরাজ্যের নিউ অরলিন্স শহরে বেলা পৌনে ১২টার দিকে জেভিয়ার ইউনিভার্সিটি কনভোকেশন সেন্টারের পার্কিং লটে পৃথক আরেকটি গুলির ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তিনজনকে গুলিবিদ্ধ অবস্থায় দেখতে পায়। এদের মধ্যে দুজন পুরুষ ও একজন নারী। তাদের দ্রুত হাসপাতালে পাঠানো হয়। কিন্তু পরে গুলিবিদ্ধ নারী মারা যান। গত ২৪ মে টেক্সাসের ওভালদে এলাকায় একটি এলিমেন্টারি স্কুলে বন্দুকধারীর হামলায় ২১ জন নিহত হয়, যাদের ১৮ জনই শিশু। যুক্তরাষ্ট্রে গত ১০ বছরের মধ্যে স্কুলে সংঘটিত এটিই সবচেয়ে প্রাণঘাতী হামলা।

যুক্তরাষ্ট্রে নিয়মিত বন্দুক হামলা ও তাতে প্রাণহানির ঘটনা ঘটলেও বন্দুক নিয়ন্ত্রণ আইন এখনও কঠোর করা যায়নি। গত ১৪ মে নিউইয়র্কের বাফেলোতে শপিংমলে এলোপাতাড়ি গুলি চালিয়ে ১০ জনকে হত্যা করে ১৮ বছরের এক কিশোর। নিজেকে শ্বেতাঙ্গ আধিপত্যবাদী ঘোষণা দিয়ে আফ্রিকান-আমেরিকান অধ্যুষিত এলাকাটিতে হামলা চালায় সে। এর একদিন পরেই ক্যালিফোর্নিয়ায় একটি চার্চের দরজায় দাঁড়িয়ে নির্বিচারে গুলি চালায় এক বন্দুকধারী। এতে একজন নিহত ও পাঁচজন আহত হয়। যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের তথ্য মতে, ২০২০ সালে দেশটিতে ১৯ হাজার ৩৫০টি বন্দুক হামলার ঘটনা ঘটেছে।

# আগ্নেয়াস্ত্রের ডিলার বেশি

**প্রথম পৃষ্ঠার পর**

আমেরিকার দশটি কাউন্টিতে বন্দুক বিক্রির দোকান মানসিক স্বাস্থ্যকেন্দ্রের ১০ গুণ বেশি। টেক্সাস অঙ্গরাজ্যের ৭০ শতাংশ এলাকায় আগ্নেয়াস্ত্র ডিলারের সংখ্যা বেশি। এরমধ্যে গত সপ্তাহে যে শহরটিতে ১৯ শিশুসহ ২১ জনের প্রাণহানি ঘটেছে এক তরুণের সহজে পাওয়া অস্ত্রের অপব্যবহারের কারণে, সে শহরটিতেও বন্দুকের দোকান বেশি। আগ্নেয়াস্ত্র নিয়ে নরকজজ্ঞ ঘটানোর পর সবসময়ই বলা হয় অস্ত্রধারী ঘাতক মানসিক বিকারগ্রস্ত। সম্প্রতি নিউইয়র্কের ট্রেন স্টেশনে হামলা, বাফেলো হামলা, টেক্সাসের গুলিবর্ষণের ঘটনায় অভিযুক্ত ব্যক্তিদের এমন কাজের পেছনে মানসিক কারণ বিদ্যমান রয়েছে বলেই জোরালোভাবে বলা হয়েছে।

আমেরকায় মানসিক সমস্যার জন্য যদি এমন হয়েই থাকে, তবে এ খাতে কার্যক্রম বেশি হওয়ারই কথা। অথচ টেক্সাস রাজ্যেই মানসিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য বরাদ্দ সবচেয়ে কম। ২০২১ সালে রাজ্যটিতে এ খাতে কোনো বরাদ্দই ছিল না বলে জানিয়েছেন স্টেনফোর্ড ইউনিভার্সিটির মানসিক স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ড. রওনক ত্রিবেদী। তিনি বলেন, এধরনের গণহত্যাকাণ্ডের (মাস শূটিং) জন্য দায়ী লোকজনকে মানসিক বিকারগ্রস্ত হিসেবে বলা হয়ে থাকে। কিন্তু এধরনের মানসিক রোগ কোনো স্বীকৃত মানসিক রোগ নয় বলে তিনি উল্লেখ করেন।

ক্যালিফোর্নিয়ার সানফ্রানসিস্কোতে মানসিক স্বাস্থ্যকেন্দ্র আগ্নেয়াস্ত্র ডিলারের চেয়ে বেশি। আমেরিকার মধ্যে অনুপাতিক হারে সানফ্রানসিস্কোই মানসিক নিরাময়ে সবচেয়ে অগ্রসর বলে সরকারি তথ্যে দেখা গেছে।

সানফ্রানসিস্কোতে একটি আগ্নেয়াস্ত্র ডিলার রয়েছে। তুলনামুলকভাবে একই এলাকায় মানসিক নিরাময়কেন্দ্র রয়েছে ৪১১০টি। সানফ্রানসিস্কো থেকে নির্বাচিত ডেমোক্র্যাট সিনেটর স্কট উয়েইনার বলেছেন, আমরা সবসময়ই মাসিক স্বাস্থ্যকে গুরুত্ব দিয়ে আসছি। মানসিক স্বাস্থ্যের জন্য ব্যয় করাকে মানবসম্পদের জন্য বিনিয়োগ উল্লেখ করে তিনি বলেন, আগ্নেয়াস্ত্রপ্রাপ্তির সুযোগ সংকোচন তাঁরা সবসময়ই করে আসছেন। সিনেটর উয়েইনার সম্প্রতি একটি আইন পাস করেছেন যেখানে স্বাস্থ্যবীমা নেই এমন লোকজনকেও ধারাবাহিক মানসিক চিকিৎসার সুযোগ সম্প্রসারিত করা হয়েছে। তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, নিউইয়র্কের ম্যানহাটন এবং ব্রুকলিনেও বন্দুক বিক্রির ডিলারের চেয়ে মানসিক নিরাময়কেন্দ্রের সংখ্যা বেশি।

# ব্যাংক খাতে ডলারের দাম ধরে রাখার

**প্রথম পৃষ্ঠার পর**

দেশের প্রবাসী আয় ব্যাংকগুলোর নিউইয়র্কের হিসাবে ডলারে জমা হয়। আর কিছু আয় জমা হয় ইউরো মুদ্রায়।

ব্যাংকের প্রধান নির্বাহীদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের ভাইস চেয়ারম্যান ও সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন সংবাদমাধ্যমকে জানান, 'সবাই যদি একদামে প্রবাসী আয় আনে তাহলেই সংকটের সমাধান হবে। কেন্দ্রীয় ব্যাংক প্রজ্ঞাপন জারি করলে সবাই এটা মানবে। সুদের হার বেঁধে দিয়ে যদি প্রজ্ঞাপন জারি হয়, তাহলে টাকা-ডলার বিনিময় হারের বেলায় কেন প্রজ্ঞাপন দেয়া হচ্ছে না। প্রজ্ঞাপন দিলে বিদেশি এক্সচেঞ্জ হাউসগুলো সেই দাম মেনে নেবে। তারা এখন বেশি দামে ডলার বিক্রির চেষ্টা করছে।'

ডলার–সংকট কাটাতে গত সপ্তাহের বৃহস্পতিবার ব্যাংকের প্রধান নির্বাহীদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ (এবিবি) ও বাংলাদেশ ফরেন এক্সচেঞ্জ ডিলারস অ্যাসোসিয়েশনের (বাফেডা) নেতাদের সঙ্গে এক সভা করে কেন্দ্রীয় ব্যাংক। গত রোববার দুপুরে বাফেডার চেয়ারম্যান আতাউর রহমান প্রধান ও এবিবির চেয়ারম্যান সেলিম আর এফ হোসেন ডলারের দাম বাড়ানোর প্রস্তাব দিয়ে গভর্নর ফজলে কবিরের কাছে এক চিঠি দেন। এরপর রোববার সন্ধ্যায় ডলারের দাম বাড়ায় কেন্দ্রীয় ব্যাংক, পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে ডলারের দাম নির্ধারণ করে দেয়। এতে আন্তব্যাংকে প্রতি ডলারের দাম ৮৯ টাকা নির্ধারণ করা হয়।

আমদানিকারকদের কাছে বিক্রিতে ডলারের দাম ৮৯ টাকা ১৫ পয়সা ও রপ্তানি বিল নগদায়নে ৮৮ টাকা ৯৫ পয়সা নির্ধারণ করে দেয় কেন্দ্রীয় ব্যাংক। তবে ডলারের সরবরাহ না থাকলে এই দামে লেনদেন হবে কি না, তা নিয়ে সন্দেহ রয়েছে। এজন্য দাম বাড়ানোর পাশাপাশি রিজার্ভ থেকে ডলার বিক্রি অব্যাহত রাখার আহ্বান জানান ব্যাংকাররা।

বিশ্ববাজারে পণ্যের মূল্যবৃদ্ধি ও পণ্য পরিবহনে জাহাজভাড়া বৃদ্ধি পাওয়ায় ইতোমধ্যে আমদানি ব্যয় বেড়ে গেছে প্রায় ৪৪ শতাংশ। রপ্তানি ও প্রবাসী আয় দিয়ে সেই খরচ মেটানো যাচ্ছে না। এতে দেশে ডলারের সংকট দেখা দিয়েছে। সংকট সামাল দিতে রিজার্ভ থেকে প্রতিদিনই ডলার বিক্রি করছে কেন্দ্রীয় ব্যাংক। এতে ব্যাংক ও খোলাবাজারে বেড়ে গেছে ডলারের দাম। এখন কেন্দ্রীয় ব্যাংক হস্তক্ষেপ করে ব্যাংক খাতে ডলারের দাম ধরে রাখার চেষ্টা করছে।

# অস্ত্র নিষিদ্ধ চান কমলা

**প্রথম পৃষ্ঠার পর**

(সেমি অটোমেটিক) নিষিদ্ধের আহ্বান জানিয়েছেন।

২৮ মে শনিবার বাফেলোতে ৮৬ বছর বয়সী রুথ উইটফিল্ডের শেষকৃত্য অনুষ্ঠানে এ আহ্বান জানান তিনি। রুথ ১৪ মে বাফেলো সুপার মার্কেটে বন্দুকধারীর গুলিতে নিহত হয়েছিলেন। এর মাত্র ১০ দিন পর টেক্সাসের একটি স্কুলে একজন বন্দুকধারী হামলা চালিয়ে ১৯ শিশু ও দুই শিক্ষককে হত্যা করে।

কমলা হ্যারিস বলেন, 'যথেষ্ট হয়েছে। এসব বন্দুক সহিংসতা আর সহ্য করা যায় না। এ ধরনের অপরাধ বন্ধ করতে আমাদের সবাইকে সোচ্চার হতে হবে। বন্দুক সহিংসতা বন্ধে আমাদের সবার ঐক্যবদ্ধ হওয়ার সাহস থাকা উচিত।'

সমাধান খুব সহজ উল্লেখ করে হ্যারিস বলেন, 'সব ধরনের সেমি অটোমেটিক অস্ত্র নিষিদ্ধ করতে হবে। আপনি কি জানেন, অ্যাসল্ট ওয়েপন বা সেমি অটোমেটিক অস্ত্র কী? এটি হচ্ছে বিশেষ উদ্দেশ্যে তৈরি করা অস্ত্র, যা দিয়ে খুব অল্প সময়ে অনেক মানুষ মেরে ফেলা যায়। এ ধরনের অস্ত্র যুদ্ধক্ষেত্রে ব্যবহারের জন্য তৈরি করা হয়। নাগরিক সমাজে এই অস্ত্রের কোনো জায়গা নেই।'

টেক্সাসের ওভালদের স্কুলে হামলাকারীর কাছে এআর-১৫ ধরনের সেমি অটোমেটিক রাইফেল ছিল। এছাড়া তার কাছে ১৬৫৭ রাউন্ড গুলি ও ৬০টি ম্যাগাজিন পাওয়া গেছে। অন্যদিকে নিউইয়র্কের বাফেলো সুপারমার্কেটে যিনি হামলা চালান, তার কাছেও এআর-১৫ ধরনের সেমি অটোমেটিক অস্ত্র পাওয়া গেছে। এসব অস্ত্র কেনার সময় এরা কেউই বাধার মুখে পড়েনি।

কমলা হ্যারিস ক্ষোভ প্রকাশ করে বলেন, 'যে কেউ যখন-তখন কেন এসব অস্ত্র হরহামেশা কিনতে পারবে? তাদের কাছে অস্ত্র বিক্রির আগে কেউ কি জানতে চেয়েছে, লোকটি অপরাধী কিনা? লোকটি অন্যদের জন্য হুমকি কি না?'

# অস্ত্র রাখা মৌলিক অধিকার!

**প্রথম পৃষ্ঠার পর**

১৯ শিশু হত্যার ঘটনাস্থল থেকে মাত্র ৩০০ মাইলের দূরে দাঁড়িয়ে এনআরএ প্রেসিডেন্ট ওয়াইন লাপিয়েরে বলেন, স্কুল শূটিংয়ের মতো কোনো ঘটনা কখনওই ঘটা উচিত নয়। তবে এ কারণে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের জন্য আইনের কড়াকড়ি করার প্রস্তাবকে তারা প্রত্যাখ্যান করেছেন।

এনআরএ প্রেসিডেন্টের বক্তব্যের মধ্যদিয়ে স্পষ্ট হয়ে উঠেছে, বাফেলো বা টেক্সাস শূটিংয়ের পরও আগ্নেয়াস্ত্র নিয়ে তাদের মনোভাবের কোনো পরিবর্তন হয়নি। এমনকি অস্ত্র কেনার জন্য শক্ত ব্যাকগ্রাউন্ড চেক এবং মারাত্মক অস্ত্রের ওপর কড়াকড়ি আরোপ নিয়েও তাদের আগের অবস্থানের কোনো পরিবর্তন হয়নি।

ওয়াইন লাপিয়েরে বলেন, নিজেকে রক্ষা করার জন্য অস্ত্র রাখার বিষয়টি মানুষের মৌলিক অধিকার। এর নিয়ন্ত্রণ বা অধিকারের ওপর কড়াকড়ি আরোপ করে সমস্যার কোনো সমাধান হবে না। স্কুল শূটিং বন্ধের জন্য ওয়াইন লাপিয়েরে প্রতিটি স্কুলে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার প্রস্তাব করেন। আমেরিকার বিচার ব্যবস্থার সংস্কার এবং ভেঙ্গে পড়া মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধানে পর্যাপ্ত অর্থ বরাদ্দের কথা বলেন তিনি। আমেরিকার সমাজ রাজনীতিতে প্রভাবশালী এ মহলটি মনে করে, অস্ত্রপ্রাপ্তির সহজলভ্যতার জন্য এসব ঘটনা ঘটছে না। তাদের মতে, সবার কাছে অস্ত্র থাকলেই নিরাপত্তা বেশি। ওয়াইন লাপিয়েরে বলেন, আমেরিকার ব্যাংক, স্টেডিয়াম এবং সরকারই ভবন পাহারা দেয়ার চেয়ে শিশুদের স্কুলে পাহারা জোরদার করতে হবে। প্রতিটি স্কুলে সমন্বিত নিরাপত্তা পদক্ষেপ গ্রহণ করলে এবং বিচারব্যবস্থার সংস্কার করা হলেই এমন ঘটনা কমে আসবে।

টেক্সাসের রাজ্য রিপাবলিকান গভর্নর গ্রেগ এবোট স্কুল শূটিংয়ের পর বলেন, আমেরিকাজুড়ে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের জন্য বহু আইন প্রণয়ন করা হয়েছে। কেতাবের কোনো আইনই নারকীয় সব ঘটনা প্রতিরোধ করতে ব্যর্থ হয়েছে।

ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশনের লবিং শাখার নির্বাহী পরিচালক জ্যাসন ওইম্যাট বলেন, ২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনকে সামনে রেখে আগ্নেয়াস্ত্র অধিকারের পক্ষে তাদের অবস্থানটি জোরালোভাবে আমেরিকার জনগণের সামনে উপস্থাপন নিশ্চিত করা হবে।

সাউথ ডাকোটার রিপাবলিকান গভর্নর ক্রিস্টি নওয়েম এনআরএ সদস্যদের উদ্দেশে বলেন, অস্ত্র রাখার অধিকার নিয়ে নীরব থাকার এখন সময় নয়। এখনই এর পক্ষে জোরালো অবস্থান গ্রহণ করতে হবে।

টেক্সাসে হিউস্টনে যখন রাইফেল অ্যাসোসিয়েশনের সভা চলছিল, তখন হাজার হাজার লোক সভাস্থলের বাইরে বিক্ষোভ প্রদর্শন করে। তারা আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে কঠোর আইন প্রণয়নের দাবি জানিয়েছে। লোকজন টেক্সাসের গভর্নর গ্রেগ এবোটের পদত্যাগ দাবি জানায়। প্রেসিডেন্ট জো বাইডেন এর আগেই বলেছেন, নিজেদের অস্ত্রে আমেরিকার মানুষ মারা যাওয়ার ঘটনা জাতীয় লজ্জা হয়ে দাঁড়িয়েছে। এ লজ্জা আর ক্ষোভ ধারণ করেই আমেরিকায় অস্ত্র আইন কড়াকড়ি করার জন্য সামাজিক বিতর্ক এখন চরমে উঠেছে।

যদিও মার্কিন রাজনীতির নিয়ন্ত্রক পক্ষ এখনও বিকারহীন। তাদের পুরোনো খেলা আবার শুরু হয়েছে। এবারের বিতর্কেও আগ্নেয়াস্ত্রবিরোধী সাধারণ আমেরিকানদের আশ্বস্ত করার কোনো ফল আসবে—এমন আশাবাদ এখনও দেখা যাচ্ছে না।

# একদফা আন্দোলনের দিকে যাচ্ছে

**প্রথম পৃষ্ঠার পর**

প্রস্তুতি দেখা যাচ্ছে একদিকে। আন্দোলনকে দমনেরও সরকারি প্রস্তুতির আলামত স্পষ্ট হচ্ছে। ক্ষমতার বাইরের রাজনৈতিক দলগুলোর মধ্যে বৈঠক হচ্ছে। সরকারের বিরুদ্ধে উচ্চকণ্ঠ মাহমুদুর রহমান মান্নার নেতৃত্বাধীন নাগরিক ঐক্য ও বাংলাদেশ লেবার পার্টির সঙ্গে বৈঠক করেছে বিএনপি। সমামনা দলগুলো বিএনপির দাবিগুলোর সঙ্গে একমত হলেও এখনই বৃহত্তর কোনো ঐক্য দেখা যাচ্ছে না। সবাই অভিন্ন দাবিতে যুগপৎ আন্দোলনে আগ্রহী। এজন্য কর্মসূচির ভিত্তিতে যুগপৎ আন্দোলন গড়ে তোলাই যুক্তিযুক্ত মনে করছে বিএনপি।

এরশাদবিরোধী নব্বইয়ের আন্দোলনের করতে ইচ্ছুক বিএনপি। বিএনপির পক্ষ থেকে ইতোমধ্যে নির্বাচনপরবর্তী সরকার গঠনের একটি ফর্মুলা দেয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, আন্দোলনে অংশ নেয়া সব দলের অংশগ্রহণে নির্বাচনের পর জাতীয় সরকার গঠন করা হবে। আর সকল বিরোধী মতের লক্ষ্য যেহেতু এক, তাহলে আলাপ-আলোচনার মাধ্যমে আন্দোলনের রূপরেখা প্রণয়ন করা হবে। সেভাবেই বিভিন্ন দলের সঙ্গে কথা হচ্ছে বিএনপি। তবে আন্দোলনটা যার যার অবস্থান থেকে করা হবে। পরে আন্দোলন দানা বাঁধলে তখন প্রয়োজন হলে একমঞ্চে আসা যাবে। এর আগে এরশাদের বিরুদ্ধে যেভাবে আলাদা আলাদা আন্দোলন হয়েছে, বিএনপি মনে করে এটাই সঠিক পন্থা। এরই অংশ হিসেবে ৯০'র পরবর্তী ছাত্রদলের সাবেক নেতাদের কাজ করার নির্দেশ দিয়েছে বিএনপির হাইকমান্ড। তাদের সমন্বয়ক হিসেবে ডাকসুর সাবেক ভিপি আমান উল্লাহ আমান ও ছাত্রদলের সাবেক সভাপতি ফজলুল হক মিলনকে দায়িত্ব দেয়া হয়েছে। ইতোমধ্যে ছাত্রনেতাদের সঙ্গে আলোচনা শুরু করেছেন তারা।

এদিকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠকের পর জোট ও ঐক্যফ্রন্টের বিষয়টি আরও পরিষ্কার করবে বিএনপি। যদিও ইতোমধ্যে জোটের দলগুলোকে আলাদা কর্মসূচি দিয়ে মাঠে নামার জন্য বিএনপির পক্ষ থেকে মৌখিকভাবে বলা হয়েছে। তবে সংলাপের অংশ হিসেবে সব দলের সঙ্গেই বৈঠক করবেন বিএনপির নেতারা। এ প্রসঙ্গে সম্প্রতি এক বক্তব্যে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সকলের সঙ্গেই আলোচনা হবে। জামায়াতে ইসলামীর সঙ্গেও আলোচনা হবে। আর ২০ দলীয় জোট তো এখন পর্যন্ত বিলুপ্ত করা হয়নি। এই জোটের কী হবে সেটা এই আলোচনার মধ্যদিয়ে ফাইনালাইজড করব। নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনসহ আরও কয়েক দফা দাবিতে যুগপৎ আন্দোলনের একটি রূপরেখাও তৈরি করছে বিএনপি। দলটির আন্দোলনের রূপরেখার মধ্যে সরকারের পদত্যাগ, সংসদ ভেঙে দিয়ে একটি নির্দলীয় নিরপেক্ষ সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর, সব দলের মতামতের ভিত্তিতে নিরপেক্ষ নির্বাচন কমিশন গঠন, বিএনপিসহ বিরোধী দলগুলোর নেতাকর্মীদের বিরুদ্ধে থাকা 'মিথ্যা' মামলা প্রত্যাহার, খালেদা জিয়ার মুক্তি, সাজা বাতিল করে তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনাসহ আরও বেশ কয়েক দফা দাবি থাকবে। সমমনা দলগুলোর সঙ্গে সংলাপেও এসব দাবি নিয়ে আলোচনা হবে। দলটির নেতারা বলছেন, এবার সরকারের ফাঁদে আর পা দেয়া হবে না। নির্বাচনের বাকি আরও বছর দেড়েক। এরই মধ্যে বড় ধরনের কর্মসূচি দিয়ে এখনই মাঠে নামলে নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা ও গ্রেপ্তার করে পরিস্থিতি সরকার তাদের অনুকূলে নিয়ে নেবে। ইতোমধ্যে বিএনপির সারাদেশের বিক্ষোভ কর্মসূচিগুলোতে হামলা হয়েছে। আবার বিএনপির নেতাকর্মীদের নামেই মামলা করা হচ্ছে। তাই আগামী নির্বাচনকে সামনে রেখে খুব সতর্কতার সঙ্গে এগোতে চায় বিএনপি। দলটির নেতাদের ভাষ্য—আপাতত মাঠে বড় কোনো কর্মসূচি দেবে না তারা। সময়মতো কঠোর আন্দোলনের কর্মসূচি নিয়ে মাঠে নামতে চায় দলটি। এর আগে নেতাকর্মীদের চাঙ্গা রাখতে চলমান নানা ইস্যুতে বিক্ষোভ, মানববন্ধনসহ নানা কর্মসূচি দিয়ে মাঠে থাকবে তারা। বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান সংবাদমাধ্যমকে বলেন, গণতান্ত্রিক আন্দোলনের ফরম্যাটতো বরাবরই একটা। কাজেই এখানে আপনি চাইলেই তো সেটা বদলাতে পারবেন না। এখানে মিছিল-মিটিং হবে, সভা-সমাবেশ হবে, প্রতিবাদ হবে, মানববন্ধন হবে, হরতাল হবে। এগুলোই তো আন্দোলনের পথ।

স্থায়ী কমিটির আরেক সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশে কখন আন্দোলন শুরু হয় সেটা কেউই বলতে পারবে না। আন্দোল তো আর বলে কয়ে হয় না। এটার কোনো দিনক্ষণও নেই। আন্দোলনের গতি- প্রকৃতি নির্ণয় করা সম্ভব না।

ভাইস চেয়ারম্যান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বলেন, আমারও মনে হয় বিএনপি ৯০'র স্বৈরাচারবিরোধী আন্দোলনের ফরম্যাটেই এগোচ্ছে। আর বিএনপি তো জাতীয় সরকারের একটা ফর্মুলা দিয়েছে। সবচেয়ে বড় কথা হচ্ছে, সব বিরোধী দলের লক্ষ্য একটাই। বর্তমান সরকারে পদত্যাগ আর নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন। এর জন্য আন্দোলনের বিকল্প নেই। সেটা যে ফরম্যাটেই হোক। সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, আন্দোলনের মূল সুরটা এক। তবে আন্দোলনটা কোন্ ফরম্যাটে হবে, সেটা আন্দোলন শুরু হলেই বলা যাবে। নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, আমরা কাজ করছি। আন্দোলনটা কীভাবে হবে সেটা বলার মতো সময় এখনও হয়নি। কারণ আমরা যে জোট করার চেষ্টা করছি সেটা কোনো রূপ পায়নি। বিএনপি যে কথা বলেছে সেটাও এখনও মাঠে গড়ায়নি। এসব সমস্যা নিয়ে আমরা যদি একটা জোট করি আর বিএনপি তার মতো জোট করে অথবা একসঙ্গে আন্দোলন এসব বিষয়ে কথা বলব, না হয় যুগপৎ করব। সব ধরনের রাস্তাই তো খোলা আছে।

গণঅধিকার পরিষদের সদস্য সচিব নুরুল হক নুর বলেন, আমাদের কর্মকাণ্ড কোনো ঘটনার বা ইতিহাসের পরিপূরক হচ্ছে কিনা সেটা আমি বলব না। এটা আশপাশ থেকে যারা পর্যবেক্ষণ করবেন, বিশ্লেষণ করবেন তারা এটা সম্পর্কে ভালো বলতে পারবেন। আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য একেবারেই স্পষ্ট সেটা হচ্ছে, দেশে যে কর্তৃত্ববাদী শাসন-শোষণ চলছে সেই শোষণ থেকে মানুষকে মুক্তি দিতে চাই। আগামীতে মানবিক একটা বাংলাদেশ গড়ে তুলতে চাই।




# সন্তান লালনপালনে করণীয়

**সুখেন গমেজ**

মাতৃভূমি ছেড়ে সন্তানদের ভবিষ্যতের সুখ সমৃদ্ধির এবং উন্নত জীবনের কথা চিন্তা করে প্রবাসজীবন বেছে নিতে হয়। কিন্তু বাস্তবে সত্যি কি এই উদ্দেশ্যে সফল হয়। অনেকেই দ্বিমত পোষণ করে। প্রবাস জীবনে বাস্তবতা ও সন্তানদের সঠিক পথে পরিচালনা করা দূরুহ ব্যাপার। নতুন একটি দেশের কৃষ্টি, কালচার, সংস্কৃতি, ভাষা, আবহাওয়া, খাদ্যভ্যাস, ধর্মীয় রীতিনীতি পুরোপুরি ভিন্নতর। নতুন পরিবেশে খাপ খাইয়ে নিতে হিমশিম খেতে হয়। মহাদেশ এবং আঞ্চলিকতা ভেদে আচরণ আরো বেশি ভিন্নতর হয়। ইউরোপের সাথে এশিয়া মহাদেশের যেমন বিস্তার পার্থক্য রয়েছে, তেমনি ভারতীয় কৃষ্টির সাথে চায়নার কৃষ্টির অনেক ফারাক। আমেরিকা আগমনের উদ্দেশ্য স্থায়ীভাবে বসবাস, নিজ দেশে ফেরত যেতে খুব কম পরিমাণই ইচ্ছা পোষণ করে। সুতরাং নিজের সংস্কৃতি ও মূল্যবোধ সমূহের সাথে আমেরিকার সংস্কৃতির সাথে খাপ খাইয়ে নিতে সন্তানদের প্রতি অধিক যত্নশীল হতে হবে।

একদিন ছেলে স্কুল থেকে এসে জিজ্ঞেস করে, বাবা, আমার জন্ম কি তোমাদের বিয়ের আগে নাকি পরে হয়েছে? খুবই অবাক হলাম এই প্রশ্ন শুনে, পরক্ষণে চিন্তা করলাম নিশ্চয়ই ক্লাসমেটদের কাছ থেকে শুনেছে। কয়েকদিন পর বলে, আমার বন্ধু দুই বার জন্মদিন পালন হয়ে থাকে। একবার বাবার সাথে, আরেক বার মায়ের সাথে। আমার কেন দুই বার পালন করি না।ছেলে মেয়ে বড় হওয়ার সাথে সাথে পারিপার্শ্বিক পরিবেশ থেকে শিক্ষা লাভ করা শুরু করে। এই জন্য গুরুত্বপূর্ণ স্কুল এবং বন্ধুবান্ধব খুবই গুরুত্বপূর্ণ। এই রকম পরিস্থিতিতে সন্তানকে ধমক দিয়ে চুপ করানো ঠিক হবে না। তাদের সাথে পারিবারিক বন্ধনের বিষয়গুলো ইতিবাচকভাবে সহভাগিতা করতে হবে। এমনকি অন্যের কৃষ্টি কালচার সম্পর্কে নেতিবাচক মনোভাব প্রকাশ করা সমীচীন নয়।

ছেলেমেয়ে স্কুলে গেলে মিশ্র সংস্কৃতির সঙ্গে পরিচিত হয়। এক্ষেত্রে ভাষা প্রধান নিয়ামক। নিজের মাতৃভাষায় অতি সহজেই মনের ভাব প্রকাশ করা যায়, কিন্তু অন্য ভাষায় পুরোপুরি আসে না। ভাষার সাথে সংস্কৃতি যুক্ত রয়েছে।

গীতাঞ্জলি কাব্যগ্রন্থ বাংলা পড়ে যে ভাবের উদয় হয়ে, ইংরেজি ভাষার তা হয়। নদী-নালা, খালবিল, পদ্মা-মেঘনার অর্থাৎ আমাদের ছোটবেলার বিষয়গুলো ছেলে মেয়েদের কাছে কোনো অর্থ বহন করে না। সুতরাং ছেলে মেয়েদের কাছে নিজস্ব সংস্কৃতির প্রতি অনুরাগ আশা করা ঠিক হবে না। সন্তানদের আমাদের সংস্কৃতির ভালো দিকগুলো তুলে ধরতে হবে। অনেক সময় পিতা-মাতা সঠিকভাবে ইংরেজি বলতে না পাড়ায়, সন্তানেরা ভালো বোধ করে না। তাদেরকে বোঝাতে হবে, ইংরেজি মাতৃভাষার মানুষ যতই বাংলা শিখানোর হোক না কেন তারা খাঁটি বাঙালির মতো বলতে পারবে না। এই ব্যাপারটা খুবই সাধারণ এবং কোনো পার্থক্য তৈরি করে না।

আমেরিকায় ছোটকাল থেকে স্বাবলম্বী হতে শিক্ষা দেওয়া হয়। নিজের কাজ নিজে করা, অন্য সাহায্য করা, সত্যের পক্ষে থাকা, অন্যায়ের প্রতিবাদ করা ইত্যাদি। মনে রাখা প্রয়োজন, শিক্ষার কারিকূলাম যথেষ্ট গবেষণালব্ধ ও বৈজ্ঞানিক। অন্যদিকে আমাদের মূল্যবোধ সমূহ যথেষ্ট শক্তিশালী এবং পারিবারিক বন্ধন সুদৃঢ়। সেই সাথে ধর্মীয় রীতিনীতি ও আচরণ সুসংহত। সেই সমস্ত ভালো দিকগুলো তাদের নিকট তুলে ধরতে হবে। একই সাথে অন্যের সম্পর্কে নেতিবাচক মনোভাব প্রকাশ করা যাবে না। সন্তানরা অনেক সময় হীনমন্যতায় ভোগে এবং অন্যের সাথে তুলনা করে নিজের অবস্থানকে নিচু করে ফেলে। তাদের মধ্যে এই ধরনের মনোভাব দেখলে অনেক বেশি সময় দিতে হবে। কোনরকম কুসংস্কার কিংবা অলীক রীতিনীতি চর্চা করতে বাধ্য করা যাবে না। এতে তাদের মধ্যে মূল্যবোধের দৃঢ়তা সম্পর্কেও ভ্রান্ত ধারনা তৈরি হবে। সন্তানদের নিজস্ব সংস্কৃতি ও ধর্মীয় আচার অনুষ্ঠানে যোগদানে উৎসাহিত করতে হবে।

আমেরিকার মতো দেশে জীবিকার জন্য সারাদিন কাজের মধ্যে থাকতে হয়। স্বামী-স্ত্রী হাড় ভাঙা পরিশ্রম করে পরিবারের জন্য উপার্জন করে। কর্মের পাশাপাশি পরিবারের সন্তানদের জন্যও যথেষ্ট সময় দিতে হবে। সারাদিন ইন্টারনেট, ট্যাবলেট, ইউটিউবে পড়ে থাকলে সন্তানের মধ্যে নিজস্ব জগত তৈরি হবে, যেখানে পরিবারের প্রতি দায়িত্বশীল হতে সাহায্য করে না। সন্তান কোন কোন সাইট ভিজিট করছে, কি জাতীয় গেমস



খেলছে, কাকে ফলে করছে এগুলোও গুরুত্বপূর্ণ। স্কুল-কলেজে কেমন বন্ধুবান্ধবের সাথে চলাফেরা করে এবং একাডেমিক ফলাফলের নিয়মিত খোঁজ নিতে হবে। আমাদের দেশে প্রচলিত বাবা মায়ের অতিশাসন সন্তানদের দূরে ঠেলে দেয়। সবসময়ই বন্ধুর মতো সম্পর্ক বজায় রাখতে হবে। বাসায় পরনিন্দা বন্ধ করতে হবে এবং সন্তানদের সামনে ইতিবাচক দৃষ্টিভঙ্গি প্রকাশ করতে হবে।

সন্তানদের ভুলের মাশুল পিতা-মাতাকেও বহন করতে হয়। কোন নেতিবাচক উদাহরণ কিংবা অন্যের সাথে তুলনা করে সন্তানদের প্রতি করণীয় নির্ধারণ করা ঠিক নয়। আমরা নিশ্চিত ভাবে বলতে পারি না  আমার সন্তান ভবিষ্যতে কি হবে। কিন্তু নিশ্চিত ভবিষ্যতে জন্য সবসময়ই সঠিক পন্থায় কাজ করে যেতে হবে। অন্যথা প্রবাস জীবনের সমস্ত ত্যাগ ধূলিসাৎ হয়ে যাবে।

# আমেরিকার শিক্ষাঋণ বাতিলকরণ

**রাজুব ভৌমিক**

যুক্তরাষ্ট্রে বর্তমানে ৪৫ মিলিয়ন ঋণগ্রহীতাদের কাছে ফেডারেল ছাত্রঋণের প্রায় ১.৭ ট্রিলিয়ন ডলার ঋণ আছে যা যুক্তরাষ্ট্রের জনসাধারণের মোট ক্রেডিট কার্ড এবং গাড়ীর সর্বমোট লোনের চেয়েও বেশি। পিউ রিসার্চ সেন্টারের মতে, ২০১৬ সালের মধ্যে সব ছাত্র-ছাত্রীরা গড়ে মোট ১৭ হাজার ডলার ফেডারেল শিক্ষাঋণ নিয়েছে। এর মধ্যে এক-চতুর্থাংশ ঋণগ্রহীতাদের বকেয়া ঋণের রিপোর্ট ৭ হাজার ডলার বা তার কম, যখন অন্য চতুর্থাংশের আছে ৪৩ হাজার ডলার বা তার বেশি বকেয়া। গত কয়েকমাস ধরে আমেরিকায় ছাত্রঋণ বাতিলকরণ নিয়ে রাজনীতিবিদ তথা মিড়িয়াতে বেশ আলোচনা সমালোচলা হচ্ছে। কিন্তু এখন পর্যন্ত ছাত্র ঋণ বাতিলকরণের সঠিক সমাধান কেউ দিতে পারেনি। কেউ বলছে প্রেসিডেন্ট বাইডেনের উচিত সব শিক্ষাঋণ মওকুফ করে দেয়া, আবার কেউ বলছে শুধুমাত্র গরীব ছাত্রছাত্রীদের শিক্ষাঋণ মওকুফ করে দেয়া উচিত। এদিকে শিক্ষা বিভাগের তথ্য অনুসারে, যদি প্রেসিডেন্ট বাইডেন ৫০ হাজার ডলার পর্যন্ত ছাত্রঋণ বাতিল করে তাহলে মোট ৪৫ মিলিয়ন ছাত্র ঋণগ্রহীতার মধ্যে ৩৬ মিলিয়ন ছাত্রছাত্রী ঋণমুক্ত হবে। এই ৩৬ মিলিয়ন আছে ৯০ ভাগেরও বেশি স্বল্প-আয়ের মানুষ। কিন্তু এটি বাস্তবায়ন করতে হলে সরকারের খরচ হবে প্রায় ৬৫০ বিলিয়ন ডলার। অন্যদিকে অনেকে মনে করেন সরকার খুব সহজেই ছাত্রপ্রতি ১০ হাজার ডলার ঋণ বাতিল করতে পারে। তবে এতে সরকারের মোট খরচ হবে প্রায় ৩২০ বিলিয়ন ডলার এবং মোট প্রায় ১২ মিলিয়ন ঋণগ্রহীতার ঋণ থেকে মুক্তি পাবে। প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের ক্ষমতা কতটুকু? তিনি কি আসলে ছাত্রঋণ বাতিল করতে পারেন? এসব প্রশ্নের সঠিক কোন উত্তর কারো জানা নেই। তাই বাইডেন দীর্ঘদিন ধরে বলে আসছেন যে তিনি নিজেই এই বিষয়ে কাজ করার আইনি ক্ষমতা রাখেন কিনা তা তিনি স্পষ্ট নন। সেজন্য তিনি শিক্ষাবিষয়ক সেক্রেটারি মিগুয়েল কার্ডোনাকে হোয়াইট হাউসের কর্মকর্তাদের সাথে এ নিয়ে একসাথে কাজ করার দায়িত্ব দেন। সম্প্রতি বাইডেন সাংবাদিকদের বলেন যে তিনি ছাত্রঋণ বাতিলের বিষয়ে শীঘ্রই একটি ঘোষণা করবেন। এতে ধারণা করা যায় যে এ বিষয়ে তার কর্তৃত্ব এবং আইনি ক্ষমতা রয়েছে।

গত সপ্তাহে হার্ভার্ড কেনেডি স্কুলের ইনস্টিটিউট অব পলিটিক্সের প্রকাশিত তরুণ আমেরিকানদের একটি জাতীয় জরিপ দেখায় যে শুধুমাত্র ৩৮ ভাগ সম্পূর্ণ ঋণ বাতিলকে সমর্থন করে। ২৭ ভাগ সরকারকে ঋণ পরিশোধের বিকল্পে ছাত্র-ছাত্রীদের সহায়তা করার পক্ষে, ২১ ভাগ গরীব ছাত্র ছাত্রীদের জন্য ঋণ বাতিলের পক্ষে এবং ১৩ ভাগ বিশ্বাস করে যে সরকারের বর্তমান নীতি পরিবর্তন করা উচিত নয়।

ছাত্র ঋণ বাতিলকরণ নিয়ে হাউস স্পিকার ন্যান্সি পেলোসি দ্বিমত পোষণ করেছেন। তিনি কিছুতেই এই নীতি সমর্থন করেন না বলে জানিয়েছেন। তার কথায়, "আমি এটিকে ক্ষমা [ছাত্রঋণ মওকুফ] বলতেও পছন্দ করি না কারণ এটি একটি সীমালঙ্ঘন বোঝায়।" তিনি আরো বলেন, "এটি [ছাত্র ঋণ] ক্ষমা করা যায় না, কেবল এর মাধ্যমে বাধ্যবাধকতা থেকে মানুষকে মুক্ত করা হবে।" সিনেটর রিচার্ড বার, যিনি উত্তর ক্যারোলিনা রিপাবলিকান এবং সিনেটের স্বাস্থ্য, শিক্ষা, শ্রম এবং পেনশন কমিটির একজন অন্যতম সদস্য, তিনি ছাত্রঋণের ঋণ বাতিলকে "একটি বিপজ্জনক এবং বোকামি প্রস্তাব" বলে অভিহিত করেছেন।

আমেরিকার শিক্ষা বিভাগ ইতিমধ্যেই প্রায় ৭.৫ লক্ষ ঋণগ্রহীতাদের ফেডারেল ছাত্রঋণের ১৮.৫ বিলিয়ন ডলারের বেশি ঋণ বাতিল করেছে। এর মধ্যে স্থায়ীভাবে অক্ষম হয়ে পড়া ঋণগ্রহীতাদের জন্য ৮.৫ বিলিয়ন, পাবলিক সার্ভিস লোন মাফ প্রোগ্রামে নথিভুক্ত ঋণগ্রহীতাদের জন্য ৭ বিলিয়ন এবং যারা তাদের স্কুলের দ্বারা প্রতারিত হয়েছিল তাদের জন্য ৩ বিলিয়ন ডলারেরও বেশি ঋণ বাতিল করা হয়েছে। গতমাসে হোয়াইট হাউসে বাইডেন সাংবাদিকদের বলেন যে তিনি এই বিষয়টি নিয়ে "গুরুগম্ভীর দৃষ্টিতে পর্যালোচনা" প্রক্রিয়ার মধ্যে আছেন। তিনি বলেন, "আমি ঋণ কমানোর জন্য ছাত্রপ্রতি ৫০ হাজার ডলার বিবেচনা করছি না।" তিনি আরো বলেন, "কিন্তু আমি অতিরিক্ত ঋণ মাফ হবে কি না তা গুরুগম্ভীর দৃষ্টিতে পর্যালোচনার মধ্যে আছি।"

# আমেরিকায় বিকল্প শিক্ষা



**আসিফ মোক্তাদির**

অভিবাসী হিসেবে আমেরিকায় আসার পর পাড়ি দিতে হয় নানা চ্যালেঞ্জের। স্বপ্নের দেশ আমেরিকায় এসে প্রথমে সবাইকে নানা সংগ্রামের ভেতর দিয়ে যেতে হয়। শুরুর দিকে টিকে থাকার এ লড়াইয়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারলে এ পথ অনেকটাই সুগম হয়ে উঠে।

নানা বয়সের মানুষ অভিবাসী হিসেবে আমেরিকায় পাড়ি জমান। একেকজনের লক্ষ্য ও উদ্দেশ্য একেকরকম। শিক্ষার্থী হিসেবে আমেরিকায় আসার পর রয়েছে অপার সুযোগ। এ সুযোগকে কাজে লাগিয়ে বাংলাদেশি আমেরিকান অভিবাসীরা শিক্ষা-দীক্ষায় নিজেদের এগিয়ে নিচ্ছেন। আমেরিকায় পড়াশোনা করা অনেক ব্যয়বহুল। কিন্তু শিক্ষার্থীরা যাতে পড়াশোনা করতে পারে সেজন্য আমেরিকান সরকার সবধরনের ব্যবস্থা করে রেখেছে৷ সরকার থেকে শিক্ষার্থীদের আর্থিক সাহায্য করার পাশাপাশি অঙ্গরাজ্যভিত্তিক সাহায্যও প্রদান করা হয়। এতে শিক্ষার্থীরা সহজে পড়াশোনার ব্যয়ভার বহন করতে পারে।

পড়াশোনার পাশাপাশি এখানে সবাই নানা ধরনের কাজের সাথে জড়িত থাকে। এতে আর্থিকভাবে স্বচ্ছলতা অর্জনের পাশাপাশি কাজের অভিজ্ঞতাও অর্জন করা যায়। পড়াশোনার পাশাপাশি বেশিরভাগ শিক্ষার্থী রেস্টুরেন্ট, কফি শপ কিংবা শপিং সেন্টারে কাজ করে থাকেন। এ ধরনের কাজে কাজের সময়সূচী সাধারণত নিজে ঠিক করা যায়। তাই অনেকেরই প্রথম পছন্দ এসব কাজ। এ ধরনের কাজে সাধারণত নূন্যতম মজুরি প্রদান করা হয়। পড়াশোনার পাশাপাশি আরও বেশি অর্থ উপার্জন করার জন্য বিভিন্ন সার্টিফিকেট কোর্স করা যেতে পারে।

অনেক শিক্ষার্থী না জানার ফলে এসব কোর্স করতে পারে না। পড়াশোনার পাশাপাশি যেসব সার্টিফিকেট কোর্স করা যেতে পারে তা এক নজরে দেখে নেয়া যাক: রিয়েল এস্টেট সেলস পারসন লাইসেন্স: আইনগতভাবে বাড়িঘর ভাড়া কিংবা কেনা-বেচা করতে এ লাইসেন্স নেয়া যেতে পারে।

**সার্টিফাইড নার্সিং অ্যাসিস্টেন্ট**

এ লাইসেন্স নিয়ে ভালো বেতনে কাজ করার পাশাপাশি হাসপাতালে কাজ করার অভিজ্ঞতা অর্জন করা যেতে পারে।

এছাড়া আরও অনেক সার্টিফিকেট কোর্স রয়েছে যেসব কোর্স শেষ করে ভালো বেতনে কাজ করার সুযোগ রয়েছে। তাই নিজ নিজ পড়াশোনার ক্ষেত্র অনুযায়ী এসব কোর্সের সন্ধান করে পড়তে পারলে অনেকটাই এগিয়ে থাকা যাবে।



# ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

## জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



**স্থান পরিবর্তন**

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

# জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

## GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
**Bismillah Pharmacy**
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন বুলবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

## আস্-সালাম ফার্মের্সি



(সাটফিন বুলভাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
## SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR

## সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন App এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই-ফোন অথবা এনড্রয়েড ফোনে App টি ডাউনলোড করতে হবে।

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান।
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ সরকার প্রেরিত ২.৫% প্রণোদনা পাবার সুযোগ।
- ✓ বিকাশের মাধ্যমে টাকা পাঠানোর সুযোগ।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।

লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

অনু গল্প

দেশ এবং বিদেশে ছড়িয়ে থাকা গল্পকারদের লেখা গল্প আমাদের এই অণুগল্প পাতাটিকে প্রতিনিয়ত সমৃদ্ধ করে চলেছে। অণুগল্প পাতার জুন সংখ্যায় যারা লিখেছেন তাদেরকে শুভেচ্ছা। পাঠক এবং লেখক সবাইকে গল্পগুলো পড়ার আমন্ত্রণ রইল—শেলী জামান খান

## মুড়িঘণ্ট

### রোমেল রহমান

'খান আরাম কইরা খান! অনেকদিন পর আসছেন দাদা, এখনো কি সেই আগের মতন আস্তে আস্তে খান?' আমি কথা বলার সুযোগ পাচ্ছি না। বোর্ডিং এর পুরানা মেসিয়ার অনেক বছর পর আমাকে দেখে সেই আগেকার জামানার বন্ধুবান্ধবদের টুকরো টাকরা খবর
নিচ্ছে। আমাদের যারা মরে গেসে তাদের জন্য আফসোস আর যারা এখনো জ্যান্ত আছে তাদের জন্য শুভাশিস উঠছে। ওদেরও বেশ কয়েকজন নেই।

হুট করেই বোডিংয়ের বংশপরম্পরায় এখনকার মালিক যিনি তিনি এক বাটি মুড়িঘণ্ট এনে ঝপ করে ঢেলে দিলেন পাতে! আমি আঁতকে উঠে বললাম, 'এইটা কি?' বুড়ো মেসিয়ারদের একজন বল্ল, 'ক্যান দাদা আপ্নে না মুড়ি খাইতে পছন্দ করতেন? তাই মুড়িটা আইজ আপনার। কতোদিন বকশিস গুঁইজা দিয়া কইতেন, মুড়িডা রাইখ্যা দিস! মনে নাই?' আমি চেঁচিয়ে বললাম, 'তা বলে এই জিনিস? এটা কি?' বর্তমান মালিক বল্ল, 'আমি দাদা খোঁজ রাখি। আপনি বিশ্বখ্যাত হয়ার পর শুনলাম আপ্নে আমার বাবার জামানার বোর্ডার, তারপর থিকা আপ্নের নিউজ পাইলেই পড়ি! আমি নিজেও টুকটাক লিখতাম যৌবনে! কিন্তু কপালের ফের, এখন বোর্ডিংয়ের খাতা লিখতে হইতেছে!' আমি আবার বললাম, 'আরে যন্ত্রণা তা বলে খাবার পাতে এই জিনিস?'

মালিক লোকটা বল্ল, 'ক্যান দাদা সারা দুনিয়ার পোলাপাইনের মাথা খাইতেছেন গল্প উপন্যাস লিখ্যা! এখন নিজেরটা খাইয়্যা দেখেন ভিত্রে কি জিনিস! স্বাদ লাগার কথা!' আমি অস্বস্তি নিয়ে উঠে যেতে চাইলাম, এক মহিলা আড়াল থেকে বল্ল, 'দাদা অন্ন ফেইল্যা উঠতে নাই, অমঙ্গল হয়! মুড়িটা একটু ভাইঙ্গা মুখে দ্যান! আমি নিজে হাতে রান্না করছি! কোটাকাটা, ধোয়াপাল্লাও নিজেই করছি!'

প্লেটের ভাতের চারদিকে ছড়িয়ে থাকা রক্তাভ ডালের মধ্যে মাখামাখি হয়ে থাকা আমার নিজের চুলবিহীন বিদঘুটে মাথাটা দেখে আমার বমি পেতে লাগ্লো!

মহিলা ফিসফিস করে কাকে য্যানো বলতে লাগ্লো, 'কি ভাগ্য মানুষটার,নিজের মুড়ির ঘণ্ট নিজে খাইতেছেন, কপাল!'

## শর্ত

### সুধাংশু চক্রবর্তী

তিনদিন ধরে কারেন্ট নেই। মোমবাতি জ্বেলে খেতে বসেছিলো ওরা তিনজন। লিপি, গুপী ও টেঁপী। ১৪ বছরের লিপি সবার বড়। ১২ বছরের গুপী ছেলে বলে এই বাড়ির নিয়মে এমনিতেই বড়দের দলে পড়ে । ওর কথা না শুনলে বাবা-মায়ের বকুনি ছাড়া আর কিছুই জোটে না ওই দুই বোনের কপালে। তিন ভাইবোনের ছায়াগুলো দেয়ালে নড়াচড়া করছে। গুপীর পাতে মাছের মুড়োটা নামিয়ে দিয়ে মা আদুরে গলায় বললেন - আমার বাবুসোনা মুড়ো খেতে ভালোবাসে, তাই না গুপী?

পাঁচ বছরের বোন টেঁপী শুনেই ঠোঁট ফুলিয়ে বলে– দাদা সবসময় মুড়ো খাবে? আমরা কখনো পাবো না?

দিদি লিপি বলে– বোনু কিন্তু ঠিক কথাই বলেছে মা। তোমার এই একচোখোমি আজকাল আমার অসহ্য লাগে। সেদিন নীপিপিসিও ঠিক এই কথাই বলেছিলেন তোমাকে, মনে নেই তোমার?

মা কিছু বলার আগেই গুপী বলে ওঠে– ঠিক আছে। আজ তোদের একজন খাবে এই মুড়ো। তবে একটা শর্তে। যে আগে নিজের ছায়ার সঠিক দৈর্ঘ্য মেপে বলতে পারবে, আজ সেই পাবে এই মুড়ো। কি রাজী আছিস তোরা?

শর্ত শুনে টেঁপী দ্রুত উঠতে যেতে বাধা পেল দিদি লিপির কাছে—থাক বোনু।

কেন দিদি? শুধু তুমি মাপবে? আমি বাদ? টেঁপী শুধোয় অভিমান করে।

লিপি জবাব না দিয়ে বোনকে শক্ত হাতে চেপে ধরে খাওয়ায় মন দেয়। মা হতবাক হয়ে বসে থাকেন। সেই সুযোগে মোমবাতিটাও একটু একটু করে ছোট হতে থাকে।

## বৈশাখী মেলা

### সোহানা নাজনীন

সকাল থেকেই তড়িঘড়ি কাজ সারছে বেণু, তারপরেও মনে হচ্ছে দুপুরের আগে পেরে উঠবে না। আজ সবার ছুটি, বেলা করে উঠেছে আর নাস্তাও করেছে বেশ দেরিতে। কাকভেজা হয়ে গোসল সেরে মাথার তোয়ালে খুলতেই বড় ভাইয়া হেড়ে গলায় বলে উঠলো, "কিরে বেণু, কোথায় যাচ্ছিস? তুই তো বিকেলের আগে গোসল করিস না!"

বেণু আলগোছে বাঁকা চোখে বিছানার উপরে ভাঁজ করে রাখা শাড়ীটার দিকে তাকালো। আড়ং থেকে কেনা হলুদে কমলায় মেশানো মটকা শাড়ীটা এতোদিনেও ভাঁজ ভাঙ্গা হয়নি। দুপুরের খাবার নিয়ে সবাই যখন ব্যাস্ত হবে ঠিক তখনই শাড়ীটা পড়ে টুক করে বেরিয়ে পড়বে বেণু। এমনি বললে তো আর কেউ যেতে দেবে না, আব্বা-বড় ভাইয়া তো নয়ই। মা নামাজে দাঁড়াতেই বেণু শাড়ী পরে নিল দ্রুত হাতে, টিপের পাতা আর বেলী ফুলের মালাটা ব্যাগেই রাখলো, বাসা থেকে বের হয়ে চুলে জড়াবে। দু ফিতের চপ্পলটা পায়ে গলিয়ে দুম করে বেরিয়ে যাবার সময় ভাইয়া বলল, "বেণু রে, আব্বার মাথায় জ্বর উঠেছে আবার, তুই একটু পানি ঢালবি?"
দুদিন হলো আব্বার সিজোনাল জ্বর, খাওয়া নিয়ে ভীষণ ঝামেলা করছেন। আজ সবকিছুই বেণুর বিপরীতে যাচ্ছে, পাট করে পরা শাড়ী নিয়েই বালতি টেনে আনলো। বেশ কিছুক্ষণ পানি দেবার পর আব্বার ভুলভাল কথা কমে আসলো। শাহেদ নিশ্চয় এতোক্ষণ রমনা পার্কে দুপুরের রোদে ভাজাভাজা হচ্ছে। বেণু যখন পৌঁছাল তখন দুপুর তিনটে, চারিদিকে মানুষ থৈ থৈ। মেলা থেকে কাঁচা আমা মাখানো কিনে দুজনে হেঁটে বেড়াচ্ছে, বেণুর কোমর অবধি চুলে বেলীর মালা জড়ানো। পাতার ফোঁকর দিয়ে কড়া সূর্যের আলো মাঝে মাঝে ঠিকরে পড়ছে ওদের মুখে, আজ খুব আত্মহারা বেণু। হঠাৎ কিছু দুষ্টুছেলে কাঁটাওয়ালা ফল লাগিয়ে দিল বেণুর চুলে, ছাড়ানোর চেষ্টা করলে আরো জড়িয়ে জট পেকে যাচ্ছে। আধ খাওয়া চাঁদের মতো টুকরো হয়ে গেল নববর্ষের আনন্দ, রিকশায় বসে বেণুর ঝুলে পড়া অভামানী মুখ দেখে শাহেদ বলল, "সবাই কি বকবে আজ তোমাকে? জেনে ফেলবে আমাদের কথা?"

বেণু মাথা নাড়ছে অবিরত, ওর একটা হাত মুঠোর মধ্যে তুলে নিল শাহেদ, "আমার কিন্তু এটাই শ্রেষ্ঠ নববর্ষের বিকেল।"



## দহন

### ফারহানা হোসেন

সারা দেহে অবসাদ। ক্লান্তির সাথে প্রচণ্ড মাথা ব্যথা শরীরে আয়েশ করে বাসা বেঁধে বসে বসে মন আর শরীর দুটোকেই পোড়াচ্ছে। বাইরে ভয়াবহ অন্ধকার। দৃষ্টি হারিয়ে যাওয়া অন্ধকার। সাথে প্রচুর বৃষ্টি, বাতাসের শোঁ শোঁ শব্দ। ভেতরে পুড়ছে দুঃখদানব। পুড়ছে তো পুড়ছেই...

ভেতরে বাইরে তীব্র দহন। গিনিসোনা যেমন আগুনে পুড়ে খাঁটি হয় তেমনি মন পুড়েও পাপমুক্ত হয় বোধহয়। অস্বস্তির ঘোরেও আজ আর আতরের গন্ধ নেই, ঝাঁঝালো হাসনাহেনার গন্ধ। সাদাই মহাকালের প্রথম পছন্দ। সাদা মন, সাদা রং, সাদা ফুল। অবচেতন মন নিয়ে যায় কোন এক অচেনা পথের অন্তরালে। সেই অচেনা জায়গা বৃষ্টি ভেজা সোদা গন্ধে ফুরফুরে মাতাল করা বাতাস। সাদা শাড়ির আচঁলে উড়ছে শীতল মিষ্টি বাতাস, চুল উড়ছে। কে যেন চুপচাপ শুয়ে...

কে ওটা? ওটা আমি। এই গল্পের নায়িকা। কিসের দাবিতে গল্প হয় আমি ও আমার মহাকাল জানে না।

শুধু জানে সামনে ধূসর পথ। যে পথ অন্তহীন।

## নতুন জীবন

### লুনা রাহনুমা

এবার ১৪ই এপ্রিল বাংলা নববর্ষ পালিত হবে সম্পূর্ণ পারিবারিকভাবে। এছাড়া আরেকটি কারণ আছে, অনেক বছর পর মায়া ফুপির জার্মানি থেকে দেশে আসা উপলক্ষে অনেক আত্মীয়-স্বজনদেরকে দাওয়াত করা হয়েছে। তানিয়া অপেক্ষা করে ছিল এমন একটা দিনের জন্য। মায়া ফুপির চেয়ে ইদ্রিস ফুপার জন্য বেশি অপেক্ষা ওর।

-স্লামুআলাইকুম ফুপা। তানিয়া সালাম দিল।

-তুমি আগের চেয়ে আরো সুন্দর হয়েছ দেখছি। স্বামীর সাথে সম্পর্ক ভালো?

মুখ থেকে বেরিয়ে যাওয়া অশ্লীল কথা সামলে নিল লোকটি।

আগের মতো কুঁকড়ে গেল না তানিয়া আজ। ফুপার কুতকুতে চোখের দিকে তাকিয়ে মিটিমিটি হাসছে বরং।

কিছুক্ষণ পর মাইক্রোফোন হাতে স্টেজে আমন্ত্রণ জানানো হলো তানিয়াকে গান গাইতে। তানিয়া মাইক্রোফোন হাতে কথা বলে। "সবাইকে নববর্ষের শুভেচ্ছা। গান করার আগে আমি কিছু কথা বলতে চাই। ক্লাস এইটে পড়ার সময় আমার জন্য একজন গানের মাস্টার রাখা হয় বাড়িতে। সপ্তাহে দুইদিন করে তিনি আমাদের বাড়ি এসে গান শেখাতেন। আমার গানের মাস্টার একটা লম্পট ছিল। তিনি আমার শরীরে যত্রতত্র নোংরা হাত বুলাতেন। আমি ভয়ে এবং আতংকে সেকথা কাউকে জানাতে পারিনি কোনোদিন। সেই গানের মাস্টার আজ এখানে আছে।

আপনারা জানতে চান তিনি কে?"

"কী সব যা-তা বলছো তানিয়া। তোমার কথার প্রমাণ আছে কোনো?" ইদ্রিসের কথা শেষ হবার আগেই জোরে একটা থাপ্পড় বসিয়ে দেয় তানিয়া ইদ্রিসের গালে। মাথা নিচু করে দাঁড়িয়ে থাকে ইদ্রিস ফুপা। একটি শব্দও আসে না মুখে। ফোঁপানির মতো বিড়বিড় করে তানিয়া।

"এই শয়তানটার কারণে আমি মানুষের সামনে যেতে ভয় পাই। আমার কৈশোর আর যৌবনের সব আনন্দ নষ্ট করে দিয়েছে এই লম্পটটি।"

ক্ষমা চেয়ে পালিয়ে বাঁচলো ইদ্রিস। অনেকদিন পর আজ সবকিছু আগের মতো ওর কাছে। রাস্তায় মানুষ দেখে মনে আনন্দ হচ্ছে। লাল গোলাপের সুঘ্রাণ টেনে নিতে পারছে বুকে। এতগুলো বছর ধরে নিজের ভেতর চেপে রাখা ভয় আর আতংকের গ্রাস থেকে বেরিয়ে আসার সাহস জোগাতে পেরেছে বলে মনেমনে অভিনন্দিত করে নিজেকে। বছরের প্রথম দিন আজ, তানিয়ার কাছেও একটা নতুন জীবনের সূচনা হলো। নিঃশঙ্ক, মুক্তপ্রাণের সাহসিকতায় ভরপুর একজন আত্মবিশ্বাসী মানুষের পথচলা।

## নামহীন গল্প

### শ্রেয়া ঘোষ

আমাদের গল্পটা কেমন আমি জানি না। হয়ত শালিকের প্রেমের মতো একটু সুন্দর অথবা বিতর্কের মঞ্চের দুই প্রান্তে বসে থাকা প্রতিপক্ষের মতো। যুক্তির ভিড়ে যুক্তি ভেঙ্গে একটা মঞ্চে হয়ত একবার হাত মিলিয়ে নেয়ার মতো ছোট্ট একটা গল্প। অবসাদে বিলীন হওয়ার সময় হয়ত একটা কাকভেজা সন্ধ্যেতে একটু ছুঁয়ে দেখার গল্প। বিষাদগ্রস্ত ক্লান্ত শহরে একফালি চাঁদের হাসিকে সাক্ষী করে হয়ত তীব্র ভালোবাসার শোকে শক্ত করে জড়িয়ে ধরার গল্প। কী জানি!! কিংবা ধর, প্রচণ্ড রোদে একটা গাছের নিচে বসে থেকে চোখের দিকে তাকিয়ে থাকার গল্প। অথবা ক্যাপিটালিজম থেকে শুরু করে কম্যুনিজম সবকিছু ভেঙ্গেচুরে একসাথে বিশ্ব নিয়ে আলোচনা করার গল্প। আমি ঠিক এমন একজনকে চেয়েছিলাম, যে ঠিক এমনটাই ইন্টেলিজেন্ট হবে। যার সাথে আমি পৃথিবী এক্সপ্লোর করার স্বপ্ন দেখতে পারব। এই পৃথিবীর বুকে হয়ত আমাদের হ্যাপি এন্ডিং হবে না। আমরা বড় হব।

আমাদের চাহিদাগুলো বৃদ্ধি পেতে পেতে একদিন আকাশসমান হবে। আমি চোখ বন্ধ করব; ওয়েস্ট ওয়ার্ল্ডে পা রেখে; তোমার হাতটা ধরব; তারপরে গল্পটা একটা না জানা অধ্যায় থেকে— 'আমাদের গল্প' হিসেবে শহরের অলিগলিতে অমর হয়ে থাকবে।

প্রথম প্রেমের মতো বুক ধুকধুক কিংবা মনে হাজারো সংশয়— সব ভেঙ্গে সময় আমাদের অনেকটা দূরে নিয়ে যাবে। হয়ত দুজন পৃথিবীর দুই প্রান্তে। আবার হয়ত ঢাকার কোলাহলকে স্বস্তি দিতে আবার একটু বৃষ্টি আসবে; তোমার-আমার হয়ত দেখাও হবে।

সময় নির্দয়তা প্রদর্শন করে হয়ত গল্পের প্লট বদলে দেবে। বদলানো গল্পের নায়িকা তোমার পাশে থাকবে। মাথায় দায়িত্ব থাকবে। কী জানি!!

আমাদের গল্পটা এমনই থাকুক। কোনো হ্যাপি এন্ডিং আমি দিতে চাই না। আবার বৃষ্টি নামুক কিংবা শিউলি গাছে নতুন ফুল ফুটুক, আমি জানব তুমি এখনো এই গল্পেই আছো। একটা থ্রিলিং ব্যাপার কাজ করুক। তুমি একটা মন খারাপের রাতে জোনাকি হয়ে আমার কাছে এসো কিংবা অন্য কারো গল্পের প্লটে তার পাশেই ভালো থেকো। তবুও বৃষ্টি নামবে; আকাশের মন কেমন করবে। এই শহরে আবারো কেউ প্রেমে পড়বে, সেই বৃষ্টির দিনে তার প্রেম পূর্ণতা পাবে; আকাশ হাসবে, রোদ উঠবে। নতুন প্লটে গল্প লেখা হবে। সেই গল্পে কী তুমি ফিরে আসবে?

## সার্জিক্যাল স্ট্রাইক

### প্রণব কুমার বসু

শীতের শুরুতে একটা ছুটির দিনে ইচ্ছে হলো কাছাকাছি কোথাও ঘুরে আসতে একদিনের জন্য, ভোরবেলায় বেরিয়ে রাতের মধ্যে ফিরে আসা। কিন্তু একা কি আর ঘুরতে ভালো লাগে! কম করে একজন সঙ্গীর প্রয়োজন, অন্তত কথাবার্তা বলার জন্য। অনেককে অনুরোধ করেও যখন বিফল মনোরথে ফিরে আসছি মনে পড়ে গেল আমাদের ফুটবল দলের গোলকিপার হুজুগে বাবলুর নাম! একটু গোঁয়ার হলে কি হবে বন্ধুর জন্য জান লড়িয়ে দিতে পারে।

ভোরবেলায় দু'জনে বেরিয়ে বাগনান পৌঁছলাম ট্রেনে। তারপর অটো ধরে শ্যামপুর। সকালে তাড়াহুড়োয় খাওয়া হয়নি। শুধু চা-বিস্কুট খেয়ে এতক্ষণ ঘুরছিলাম দু'জনে। এবার মালুম হচ্ছে পেটে যেন ছুঁচো ডন মারছে!

দেখেশুনে রাস্তার ধারে একটা ভাত খাবার হোটেলে ঢুকেছি, বেশ ভিড় আমাদের উল্টোদিকে এক নববিবাহিত যুবক-যুবতী। গরম খাবার পরিবেশন করে গেছে। গোগ্রাসে গলধঃকরণ করছি ভাত ডাল তরকারি। মাছির খুব উপদ্রব। কোনোরকমে মাছিদের পাশ কাটিয়ে খাবার মুখে তুলছি। মাঝে-মধ্যে বাবলুর দিকে তাকিয়ে দেখছি মাছির ভনভন আওয়াজে বেশ বিরক্তির ভাব ফুটে উঠেছে ওর মুখে!

বলা নেই কওয়া নেই হঠাৎ একটা মাছিকে দু'হাত দিয়ে ধরতে গিয়ে উল্টোদিকে বসা যুবতীর নাকে সজোরে আঘাত করে বসেছে। মাথা নিচু করে খাচ্ছিল সদ্যবিবাহিত তরুণী। ভেবেছে স্বামীর কর্ম ওটা! কালবিলম্ব না করে সজোরে স্বামীর মুখে মুখে চপেটাঘাত! ব্যাস আর যায় কোথায়! দু'পাটি বাঁধানো দাঁত ছিটকে গিয়ে পড়ে পাশের টেবিলে বসা বিহারী ভদ্রলোকের ডালের বাটিতে। ডাল ছিটকে একাকার! লাফ দিয়ে উঠে বিহারী ভদ্রলোক চেঁচামেচি শুরু করে দিয়েছেন। আর রিস্ক নেয়া যায়! বাবলুর হাত ধরে হ্যাঁচকা টান মেরে পগারপার। চলন্ত অটো চেপে একদম স্টেশনে ফেরার ট্রেন ধরতে।






## ইলশেগুঁড়ি কান্না

### হরিৎ বন্দ্যোপাধ্যায়

সম্মিলিত উলুধ্বনির মধ্যে থেকে উঠে আসছিল
এক অস্বস্তিকর কান্নার ইলশেগুঁড়ি
আর শহরের অলিগলিতে
আমাদের চোখাচোখি হয়ে যাচ্ছিল
এক অমোঘ বিকেলের ধুরন্ধর মুখোশের সঙ্গে।

দেওয়ালে পিঠ ঠেকিয়ে
ইলশেগুঁড়ি কান্নার সন্তানসন্ততিরা দেখছিল
তাদের পদছায়ায় কিছু সবুজের আনাগোনা
আর ভাবছিল মাটির আগুনে এটুকু ফুটিয়ে নিলেই
সকাল
তারপর তো গুণের নামতায় মাথা তুলবে ফুজিয়ামা।

## সময়ের মূল্য

### তুহীন বিশ্বাস

কষ্টগুলো পিরামিড হয়ে আকাশ ছুঁয়েছে প্রায়
যন্ত্রণারা সব বক্ষ জুড়ে নির্গত কালো ধোঁয়ায়।
প্রত্যাশারা নিরাশায় উড়ে উড়ে সব মূর্ছা যায়
স্বপ্নগাঁথা সিঁড়ি দিয়ে অন্তর পোড়া গন্ধ ছড়ায়।

ভ্রান্ত পথে ক্লান্ত হয়ে অশান্ত মন দূরত্ব বাড়ায়
কম্পিত হৃদ, স্তব্ধ কণ্ঠ, জীবন থমকে দাঁড়ায়।
কর্মফলে বিপর্যস্ত মস্তিষ্কের ক্ষয় হবে নিশ্চিত
কষে নাও সময়ের মূল্য ভুল করো না কিঞ্চিৎ।

## চলো একটা তুষার মেঘে বসি

### আবু আফজাল সালেহ

চলো একটা তুষার মেঘে বসি
যেখানে আমরা পশ্চিমের সূর্যকে সেঁকে দেখতে পারি।

আমার পা বরফের চূড়ায়
একটি ঘুরে বেড়ানো আন্দিজ পর্বতে
আর একটি বাকল এবং জীবাশ্ম বন্ধ চামড়া
বাষ্পযুক্ত আমাজন বনের ধ্বংসাবশেষে
আমার গলিত পেটে
আফ্রিকার ঘামের বৃষ্টির ফোঁটা।

সজাগ দৃষ্টিতে এই নীল গ্রহ
ম্যান্ডেলার, রবীন্দ্রনাথের, গ্যালিলিওর
কিন্তু, তোমার নগ্নতায় সমুদ্রের নোনতা উষ্ণ প্রবাহ
তাই, আগুনময় আগ্নেয়গিরির প্রান্ত এড়িয়ে যাই।

চলো একটা নদীর মেঘে বসি,
তোমার আর আমার মধ্যের উপত্যকার ফাটলে বসি।

## যে চুম্বনে ফেরেশতারা উল্লাস করে

### কামরুজ্জামান হেলাল

পাঁচ আঙুল ছোঁয়া সময়ের কসম
কানফাটা চিৎকার দিয়ে বলে ওঠো একবার;
সেদিন তোমার চোখ লাল হয়ে উঠেছিল
বলেছিলে এভাবে আমার চোখে তাকিয়ে থেকো না আর
তুমি তাকালে পুড়ে যাই বাঁঝা মাছের মতো।

শামুকের মতো বন্ধ করলাম এই চোখের পাতা
যেদিন তুমি খুলতে বলবে সেদিন আর কোনো দুঃশাসন
কাজে আসবে না
কাজে আসবে না কারো আগুনের হুমকি
অনুতপ্ত রাত্রির গতর ছুঁয়ে আমাকে জাগাবে ফের।
.
শপথ ভাঙ্গার চেষ্টা করিনি একবারও, কেননা
যে চুম্বনে ফেরেশতারা উল্লাস করে আসমানে
আমিতো কেবল সেইসব চুম্বনগুলো তোমার কপোলে দিতে চাই
হে আমার নির্লজ্জ সময়ের সাথি।

## আমাকে পেয়ে যাবে

### এনাম রাজু

ধ্যানী বকের মতো পাপোশের দিকে তাকাও
অদৃশ্য তো কিছুই না,
নয় কোনো অপ্সরীআগুন
আমাকেই পেয়ে যাবে
আরো পাবে তোমার অতীত-ভবিষ্যৎ।

রাস্তার ল্যাম্পপোস্ট ধরে এগিয়ে যাও
হেঁটে যেতে পারো নদীর তীর ধরে
কিংবা রেললাইনে রাখো চোখ...

তরুণী চাঁদের দিকে তাকাও
কুচকুচে অমাবস্যাকে ছুঁড়ে মারো
কর্মমুখর সূর্যালোক মুখস্থ করো,
কোনখানে নেই আমি?
শ্রমিকের অগ্নিযৌবন কখনো বার্ধক্য নই।

খুঁজে দেখো সবখানে পাবে-আমাকেই,
আয়নার মুখোমুখি দাঁড়াবে যখন।






কালোপিচের পথ রঞ্জিত হলো আর মেয়েটি লুটিয়ে পড়লো নিচে। সে ফিরছিলো একটি চাকরির ইন্টারভিউ দিয়ে। যদিও পড়াশোনা শেষ হয়নি তবু সংসারের দরিদ্র্যতা বুঝে তাকে নামতে হয়েছিলো চাকরির খোঁজে।

পার্ট টাইম কোনো জব পেলে মন্দ হতো না। কথাটি সে বলেছিলো জায়েদকে।

জায়েদই তাকে চাকরির সন্ধান দিয়েছে। জানিয়েছে, লীভ ট্রান্সকম এডে লোক নিবে। মোটামুটি কম্পিউটার জানা আবশ্যক। জায়েদের দুঃসম্পর্কের এক ফুফা এডফার্মটি চালান। বিকেল থেকে সন্ধ্যা অবধি থাকতে পারলে হবে না। থাকতে হবে আরও বেশি। আটটা কি নয়টা নাগাদ কাজ করতে হবে। তবে, ইন্টারভিউতে ভালো করতে হবে প্রথম শর্ত।

প্রীতি দু'তিনদিন রাতদিন কম্পিউটারে পড়ে থেকে দক্ষতা বৃদ্ধি করে। আজ সে ইন্টারভিউ দিতে এসেছে। মোটামুটি ভালোও করেছে। তারা সাতজন ইন্টারভিউ বোর্ডে ডাক পেয়েছে এবং তাকে মোটামুটি আশ্বাসও দিয়েছে কর্তৃপক্ষ। এক প্যাকেট মিষ্টি নিয়ে যেতে পারলে ভালো হতো। আবার ভাবে, কপালে তো সয় না; আর মিষ্টি কিনার টাকাটাও সে কোথায় পাবে? জায়েদদের মাঝে, বন্ধুদের মাঝে নিজের দুর্বলতাটুকু সে বুঝতে দেয় না। না হলে বলতো, যে করেই হোক আমাকে একটা চাকরি জোগাড় করে দাও। বলতে পারেনি। মধ্যবিত্ত দ্বিধা তাকে কুঁকড়ে রেখেছে। না হলে জায়েদ হয়তো বলতো তার ফুফাকে, মেয়েটা নিডি, চাকরিটা দিয়ে দেন ফুফা। কি জানি, জায়েদ বলেছে কিনা? সে হয়তো বলবে।

আমার দেখা সে একজন ভালো মানুষ- নিজের মনে মনে বলতে থাকে প্রীতি। আহা চাকরি! একটা চাকরি যদি হয়ে যেতো তার। অভাবের সংসারের ঘানি বাবা আর কতো টানবে! সে বড় মেয়ে, একটু যদি সাহায্য করতে পারতো! আহা, তার চাকরিটা যদি হতো!

মিরপুর থেকে হেঁটেই রওয়ানা দেয় সে। হেঁটে হেঁটে কালশী রোডের মাথায় আসে। বাসে চেপে সাংবাদিক আবাসিক এলাকা পাশে ফেলে মাটিকাটা রোডের একটি উপশহরে যাবে সে। সেখানে তার পরিবার থাকে। মা, বাবা আর ছোট্ট ভাই। ভাইটা বড় আদরের। তার কোলেই মানুষ হয়েছে। কালশী রোডের ব্যাংক আলফালাহ লিমিটেডের কাছাকাছি আসলে তার আবার চাকরিটির কথা মনে হয়। আচ্ছা, হবে তো চাকরিটা? কেমন দিয়েছে সে ইন্টারভিউ? আত্মবিশ্বাসের সাথে হাত রাখে বুকে। দম নেয়। না, ভালোই দিয়েছে ইন্টারভিউ। চাকরিটা আশা করা যায়।

আচ্ছা, আটটা নয়টা পর্যন্ত থাকার পর সে কীভাবে ফিরে আসবে বাসায়। দুতিনঘন্টা লেগে যাবে জ্যামে। যাহোক, বসকে বলে যদি আটটা করা যায় তাহলে দশটার মধ্যে ফিরে আসবে বাসায়। বস বলেছে, কম্পিউটার অপারেটরের পাশাপাশি ক্লায়েন্টকেও হ্যান্ডেল করতে হবে। মোটামুটি বেতন ভাতা খারাপ দিবে না। জায়েদ ইঙ্গিত দিয়েছে হলে মাসে পনেরো ষোলো হাজার কামানো যাবে। খারাপ না। টিউশনি করে এই আনইউজড শহরে কদিন চলা যায়। একমাসে টিউশনি থাকলে অন্য মাসে থাকে না। আর তাছাড়া বাসায় গিয়ে দীর্ঘসময় পড়ানোটাকেও সে নিরাপদ মনে করে না। অফিসে তো সবার সামনে থাকবে। আর চাকরিবাকরি তো তার অধিকার। সুতরাং কর্মের জন্য সে চাকরিটা করবে।

কেমন দেখেছে সে বসের চোখ? কোনো খারাপ ইঙ্গিত কি দেখেছে? পল্লবী মহিলা ডিগ্রি কলেজের পাশ দিয়ে যেতে যেতে এ কথা মনে পড়ে তার। না, খারাপ কিছু দেখেনি। কেমন শান্ত নির্লোভ দৃষ্টিতে তাকিয়ে ছিলো তার দিকে। আর না তাকালেই বা কি? জীবনের জন্য কতকিছুই তো করতে হয়। না হয় বসের বিষমাখা তীরের চোখে কিছুটা বর্ষা ছিটিয়ে সে ভালো থাকবে। যাহোক, তার চাকরিটা পেতে হবে।

ব্যাগ থেকে মুঠোফোনটি বের করে জায়েদকে ফোন দেয়। জায়েদের উচ্ছ্বসিত কণ্ঠে খুশির ঝিলিক। বলে, তোমার চাকরিটা হবে। আংকেলের সাথে কথা বলেছি এখন। তিনি বলেছেন, তুমি সত্যিই ইন্টারভিউতে সবার চেয়ে ভালো করেছো। আর আংকেল আসলে তোমার মতো মেয়েকেই খুঁজছিলেন হয়তো। যা হোক, তোমাকে উনার ভালো লেগেছে। বোধহয় আগামীকাল ফোন দেবে তোমাকে; কনফার্ম করতে।

একটানা কথাগুলো বলে যায় জায়েদ। বায়বীয় যন্ত্রে ঈদের খুশির মতো একটা উজ্জ্বল প্রবল বাতাসের দুপুরের মতো প্রাণের হিল্লোল ছুটিয়ে দেয় প্রীতির কানে।

প্রীতি বলে, সত্যি! আমি তো বিশ্বাসই করতে পারছি না। থ্যাঙ্কিউ জায়েদ। অনেক অনেক ধন্যবাদ।

আরে না, ধন্যবাদের কি আছে। আচ্ছা, তুমি চাকরিটা ঠিক করবে তো? না আবার আমাকে ছোটো করো আঙ্কেলের কাছে- জায়েদ বলে।

কিযে বলো জায়েদ...! একমুহূর্তের মাঝে প্রীতির কণ্ঠে মধ্যবিত্ত যাতনার দরিদ্রতাটুকু এসে ছায়া ফেলে। মুখ থেকে মুঠোফোনটি একটু দূরত্বে সরিয়ে হাঁফ ছাড়ে প্রীতি। দরিদ্রতাটুকু গিলে ফেলে আবারও ফোনটি কানের কাছে নিয়ে স্বাভাবিক থাকার চেষ্টা করে বলে, অবশ্যই করবো।

প্রীতির আনন্দের আর বাঁধ মানে না। আজ বাবামাকে সে খুশির সংবাদ দেবে। মিষ্টি হয়তো কিনে নিয়ে যেতে পারবে না। কিন্তু ক্যাটবেরি নেবে। তার মতে, এটিও তো এক প্রকার মিষ্টি মুখই। ভাইটার জন্যে নেবে দুটো। ব্যাগ খুলে নিজের টাকাগুলো গুনে সে। অনেক পকেট হাতিয়ে খুচরো-খাচরা মিলিয়ে আশ্বস্ত হয়, না, দুটো ক্যাটবেরি সে নিতে পারবে। ভাইটা বড় হয়ে যাচ্ছে। এখন আর কোলে নেয়া যায় না। নবম শ্রেণিতে পড়ে সে। তবু মনে মনে সেই ছোট্ট খোকাটি রয়ে গেছে। এখনও বাসায় গেলে দৌঁড়ে এসে জাপটে ধরে। আবার লাগেও। পাজি আছে ছেলেটা। অবশ্য এ নিয়ে অসংখ্য কানমলাও খেয়েছে প্রীতির হাতের। মনে মনে হাসে সে।

বাসটি কালশী বাজার পেছনে ফেলে কালশী কবরস্থানের কাছে এসে থামে। ক'জন যাত্রী নামে সেখানে। সেখান থেকে আবার বাসটি ছেড়ে গেলে প্রীতির বুক অযথাই কেঁপে উঠে। কি একটা অচেনা আতঙ্ক তার ভেতরে অস্থিরতা বিছিয়ে দেয়। দম কেমন বন্ধ হয়ে আসে। বাসা থেকে আসার সময় বোতলে করে পানি নিয়ে এসেছে। প্রীতি বোতল খুলে দু ঢোক পানি খায়। তার বাস যখন কালশী ছেড়ে বাউনিয়াবাঁধ রোডে আসে তখন তার আবার চাকরিটির কথা মনে হয়। আহা, হচ্ছে তাহলে আগামীকাল চাকরিটা। বাবার চেহারার দিকে আর তাকানো যায় না। একটু হাসি ফোটাতে পারবে তার মুখে। ছোট ভাইটার পড়াশোনার খরচ চালাতে পারবে। আর মাকে দেবে? মাকে দেবে রঙিন শাড়ি। মনে মনে হাসে সে। ছোট্ট বেলার ছড়াটি মনে পড়ে যায়। মেয়ে হয়ে জন্মেছে, এবার সংসারের হাল ধরে দেখিয়ে দিতে চায়।

বানিয়াবাদ রোড ছেড়ে তাদের বাস মাটিকাটা রোডে প্রবেশ করে। যাত্রীরা ভিড়াভিড়ি ঠেলাঠেলি করে। দুতিনজন গায়ের উপর এসে পড়ে যায়। প্রীতির এসব গা সওয়া আছে। রোজ ভার্সিটি যেতে কতো বদমাশ যে তাকে সামলাতে হয়! ভার্সিটিতেও কি কম বদমাশ আছে? ছাত্রশিক্ষক সবার মধ্যেই কমবেশি বদমাশ লুকিয়ে থাকে। মেয়েরা এসব এড়িয়েই চলতে জানে।

প্রীতি কনুই দিয়ে ধাক্কা মেরে দুজনকে সোজা করে দেয়। যাত্রীরা অন্যমনস্কতার ভান ধরে। বাস চলছে। প্রীতির মনে কেবল চাকরি। একটা চাকরি তার হচ্ছে তাহলে। তাদের বাস মাটিকাটা রোড ধরে এগোয়। ক্যাফে ডি কোল্ড এবং ওয়াল্টন গ্রীন হিল ইলেক্টনিক্স পার হয়ে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক এজেন্ট ব্যাংকিং বরাবর এসে থামে। এখানে নামে প্রীতি। ব্যাগ খুলে গুনে গুনে সত্তর টাকা হাতে নেয়। রিক্সাভাড়া বাঁচিয়ে এ টাকাটার সে কিছু কিনতে পারবে।

একটি দোকানে গিয়ে সে পাঁচটি ক্যাটবেরি কিনে। আরও কি কিনতে যাবে, তখন থেমে যায়। না, আগামীকাল যদি আবার লীভ ট্রান্সকম এডে যেতে হয়? এত ভাড়া সে কোত্থেকে পাবে? বাকি টাকাগুলো ব্যাগের ভেতর রেখে একটা রিক্সার জন্য অপেক্ষা করে সে। দুতিনটে রিক্সা তাকে পাশ কেটে চলে যায়। হাতের ঘড়িতে সময় দেখে প্রীতি। রিক্সা না পেয়ে পিচের পথে ধীরে ধীরে সামনে এগোতে থাকে। কালো পীচ হয়তো তাকে প্রহসন করে। হয়তো স্বপ্ন চিক করে উঠে চোখের ভেতর। সব স্বপ্ন ছড়িয়ে সে এগোয়, এগোয় জীবনের পরোয়ানা। মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের এজেন্ট শাখাটি অতিক্রম করে সামনে এলে হঠাৎ কোথাও বন্দুকের নল গর্জে উঠে। একটি দিকভ্রান্ত বুলেট কালো পিচের সাথে মিশিয়ে দেয় প্রীতির যাবতীয় স্বপ্ন।

sunman express
global money transfer

*Fast, Secure & Reliable Remittance*

**Send Money To Bangladesh, India, Nepal, Pakistan & West Africa**

**Currency Exchange**




**Remittance Partner**

Agrani Bank Limited
অগ্রণী ব্যাংক লিমিটেড
Committed to Serve the Nation

Al-Arafah Islami Bank Limited
aibl

DHAKA BANK
LIMITED
EXCELLENCE IN BANKING

JAMUNA BANK

Uttara Bank Limited

Southeast Bank Limited
a bank with vision

SIBL
Social Islami Bank Limited

SBAC Bank Limited
সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ

- Bank Deposite & bKash একাউন্টে দ্রুততম সময়ে টাকা জমা হয়।
- সর্বনিম্ন ফি, সর্বোচ্চ রেটে বাংলাদেশে টাকা পাঠান।
- বাংলাদেশের ৮টি ব্যাংকের প্রায় ১০ হাজার-এর অধিক শাখায় Instant Cash Pickup।

বৈধ উপায়ে, করমুক্ত ব্যাংকিং চ্যানেলে রেমিটেন্স প্রেরণ করে দেশ মাতৃকার অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

আপনার রেমিটেন্স সংক্রান্ত পরামর্শ ও সেবার জন্য

**SUNMAN GLOBAL EXPRESS CORP**
**সানম্যান গ্লোবাল এক্সপ্রেস কর্পোরেশন**
37-14 73 Street (Suite 201), Jackson Heights, NY-11372
Phone: 718-505-2224, E-Mail: info@sunmanexpress.com

**HEAD OFFICE:**
37-17 74TH STREET (1ST FL)
JACKSON HEIGHTS, NY-11372
PHONE: 718-565-5052

**JAMAICA BRANCH:**
167-05 HILLSIDE AVE.
JAMAICA, NY-11432
PHONE: 718-297-3443

**ASTORIA BRANCH:**
29-24 36 AVENUE
L.I.C, NY-11106
PHONE: 718-729-0600

**Send Money Online at www.sunmanexpress.com**


পার্টনার অথবা এম্প্লয়ি হয়ে
ক্যারিয়ার গঠনের সুবর্ণ সুযোগ
cellaxs phone repair
* আমেরিকার প্রায় ২৭৫ লোকেশনে লোক নিয়োগ চলছে
* এম্প্লয়িদের ভাল বেতন প্রদান
* কোম্পানীর ব্যবস্থাপনায় কর্মস্থলে যাতায়াত ও থাকার ব্যবস্থা
* পার্টনার হওয়ার সুযোগ
* মালিক হওয়ার সুযোগ
* বছরে ছুটির ব্যবস্থা
* হেলথ ইনস্যুরেন্স সুবিধা
দেরী না করে আজেই রিজ্যুমি পাঠান
golam@cellaxs.com
cellaxs
phone repair


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

M&N HOME CARE SERVICES LLC

$23 /hr

CD PAP - PCA - HHA

866-688-6922

প্রথম আলো
Prothom Alo North America
2 June 2022, Thursday, 6th Year, Issue 272, 40 Pages
২ জুন ২০২২, ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯, ২ জিলকদ ১৪৪৩, বৃহস্পতিবার

# রেমিট্যান্স এ্যাওয়ার্ড পেল 'সানম্যান গ্লোবাল এক্সপ্রেস'

**উত্তর আমেরিকা অফিস**

সম্প্রতি নিউইয়র্কের জনপ্রিয় 'সানম্যান গ্লোবাল এক্সপ্রেস' ২০১৯ ও ২০২০ সালের জন্যে সর্ব্বোচ্চ অর্থ প্রেরণকারী অনিবাসী প্রতিষ্ঠান হিসেবে 'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স এ্যাওয়ার্ড' লাভ করেছে।

বাংলাদেশ ব্যাংক অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে প্রবাসীদের অবদানের স্বীকৃতি ও ব্যাংকিং চ্যানেলে বৈদেশিক মুদ্রা প্রেরণকে উৎসাহিত করার লক্ষ্যে ২০১৩ সাল থেকে অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউজসমূহকে 'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স এ্যাওয়ার্ড' প্রদান করে আসছে।

গত ১২ মে বৃহস্পতিবার ঢাকাস্থ খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশনে আয়োজিত অনুষ্ঠানে এই সম্মানজনক ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল প্রধান অতিথি এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মাননা হস্তান্তর করেছেন।

সানম্যান গ্লোবাল এক্সপ্রেস কর্পোরেশনের প্রেসিডেন্ট ও সিইও মাসুদ রানা তপন প্রবাস প্রতিনিধিকে জানান,

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১



# কাঁচের জাদুঘর

**মনীষা তৃষা**

জাদুঘর দেখার ব্যাপারে আমার আগ্রহ গড়পড়তা বাঙ্গালীর মতোই শূন্যের কোঠায়। শিল্প জাদুঘর যেন শুধু শিল্পবোদ্ধাদের জন্য তোলা, সাধারণের রুচি আকর্ষণ করার মতো কিছু নেই। খুব অল্প সংখ্যক আর্ট মিউজিয়ম আছে সার্বজনীন যেখানে ছেলে-বুড়ো, ছাত্র, গৃহিনী, শিল্পী সবারই মন কাড়ার মতো কিছু না কিছু আছে। কর্নিং গ্লাস মিউজিয়াম এমনই এক জাদুঘর। গত বছর মার্চে এক বর্ষনমুখর সোমবারে যাওয়া হয়েছিল সেখানে। ভারী বৃষ্টির মাঝেও দিনে দুপুরে



বারোয়ারী মানুষের যে মেলা দেখেছি তাতে কৌতূহল আরও তীব্র হয়েছে, কি আছে এই জাদুঘরে?

প্রশ্নটা হবে, কি নেই এই জাদুঘরে?

কাঁচ সম্পর্কিত ইতিহাস, শিল্পনিদর্শন, নিত্য ব্যবহার্য সামগ্রী, শৌখিন পণ্য এমন কিচ্ছুটি নেই যা এখানে বাদ পড়েছে। পৃথিবীর প্রাচীনতম কাঁচের নিদর্শন থেকে শুরু করে আধুনিকতম শিল্পের নমুনা রয়েছে। কাঁচ শিল্পের ৩,৫০০ বছরের যাত্রায়, দেশে দেশে কাঁচ শিল্পের বিবর্তনের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

# জলবায়ু পরিবর্তন এবং অভিবাসন শীর্ষক আলোচনা সভা

**উত্তর আমেরিকা অফিস**

প্রথম আলো ফাউন্ডেশনের আয়োজনে 'জলবায়ু পরিবর্তন এবং অভিবাসন' শীর্ষক মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে ৭ জুন মঙ্গলবার। জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজা সংলগ্ন মুনলাইট রেস্টুরেন্টে বিকেল সাড়ে ছয়টায় শুরু হবে আলোচনা সভা। বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতির প্রধান নির্বাহী এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্ব সৈয়দা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

ডলারের একক মূল্য

# ব্যাংকের বিদেশি শাখাগুলো নির্দেশনা মানছে না

**মনজুরুল হক**

বৈদেশিক লেনদেনের ক্ষেত্রে সংকটে পড়ে বিগত কয়েক সপ্তাহ ধরে টাকার বিপরীতে ডলার দাম তর তর করে বাড়তে শুরু করেছে। গেল এক মাসে কয়েক দফা ডালের দাম ওঠা-নামা করেছে। কোনো কোনো সময় দাম পৌঁছেছে এক'শর ওপরেও। আর এই সংকট মোকাবিলায় ডলারের একক দাম নির্ধারণ করে দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। তবে তা মানা হচ্ছে না বেশকিছু ব্যাংকের বিদেশি শাখাগুলোতে। এমন পরিস্থিতিতে টাকার মূল্য আরো নিচে নামতে পারে বলে আশঙ্কা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

# কার্ভিং শিল্পকে বহুদূর এগিয়ে নেয়ার স্বপ্ন

**রোকেয়া দীপা**


সাইফুল ইসলাম



আমরা কনে সাজাই। ঘর সাজাই। ড্রইংরুম সাজাই। তেমনি সারাবিশ্বে কার্ভিং ব্যাপকভাবে সমাদৃত।

আমাদের দেশে এবং প্রবাসীদের কাছে এখন ধীরে ধীরে আগ্রহ তৈরি হচ্ছে ফুড কার্ভিং নিয়ে। কার্ভিং হলো ফল ও সবজি দিয়ে ফুল, পশু-পাখি, প্রজাপতি কিংবা কোনো নকশা বিশেষ নৈপুণ্যের সঙ্গে তৈরি করে মূল খাবার সাজানোর জন্য ব্যবহার করা।

ফল ও সবজির কার্ভিং হতে পারে অর্থ উপার্জনের একটি বিকল্প পন্থাও। এমনটিই মনে করেন সাইফুল ইসলাম রাসেল। পরিবারের প্রিয়জন কিংবা অতিথির সামনে আকর্ষণীয়ভাবে খাবার পরিবেশনে ফল ও সবজি কার্ভিং একটি কার্যকর ও আধুনিক কৌশল। খাবারের পাশাপাশি কার্ভিং করা ফল বা সবজির উপস্থিতি খাবারের পরিবেশের সৌন্দর্য বাড়িয়ে দেয় অনেকগুণ। আত্মীয় স্বজনদের গায়ে হলুদের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১
















































**সম্পাদক**: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, **ফোন:** ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ**: news@prothomalony.com, **বিজ্ঞাপন**: cm@prothomalony.com